কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

minister ফ্রিজ
ফ্রিজ দৈনিক কিস্তি
৳১০০ মাত্র
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

রোববার | বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৫০ ॥ রেজিঃনং– কেএন ২৮৯ ॥ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ২১ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা | ১১ জুন ২০২৩

কোরবানির জন্য প্রধানমন্ত্রীকে কৃষক বুলবুলের গরু উপহার

নিজস্ব প্রতিবেদক : কোরবানির জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে উপহার হিসেবে দিতে একটি গরু লালনপালন করেছেন কিশোরগঞ্জের পাকুন্দিয়া উপজেলার চরকাউনা গ্রামের কৃষক বুলবুল আহমেদ ও তার স্ত্রী ইসরাত জাহান। তাদের এই ভালোবাসার প্রতি সম্মান জানিয়ে উপহারের এই গরু গ্রহণে সম্মতি দিয়েছেন প্রধানমন্ত্রী।

গতকাল শুক্রবার (৯ জুন) সন্ধ্যায় গণভবনে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী কৃষিবিদ মশিউর রহমান হুমায়ুন কিশোরগঞ্জের বুলবুল আহমেদের গরু লালনপালনের বিষয়টি প্রধানমন্ত্রীকে অবহিত করেন। এসময় প্রধানমন্ত্রী উপহারের গরু গ্রহণে সম্মতি দেন। পরে প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিব হাসান জাহিদ তুষার গণমাধ্যমকে এ তথ্য ২-এর পাতায় দেখুন

ইভিএম সবচেয়ে নিরাপদ কোনো জিন-ভূত নেই

নিজস্ব প্রতিবেদক : ইভিএমকে ভোট দেওয়ার সবচেয়ে নিরাপদ পদ্ধতি উল্লেখ করে প্রধান নির্বাচন কমিশনার কাজী হাবিবুল আউয়াল বলেছেন, এতে কোনো কোনো জিন-ভূত-প্রেত নেই। শনিবার সিলেট নগরীর মেন্দিবাগে জালালাবাদ ২-এর পাতায় দেখুন

আওয়ামী লীগ খেলার মতো নামলে বিএনপি পালানোর সুযোগ পাবে না

নিজস্ব প্রতিবেদক : আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, আওয়ামী লীগ যখন খেলার মতো খেলতে নামবে তখন বিএনপি পালানোর সুযোগ পাবে না। তিনি বলেন, বিএনপির আন্দোলন করার মতো কোনো নেতা ২-এর পাতায় দেখুন

দুবার প্রতারণার শিকার হয়েছি আর নয়

নিজস্ব প্রতিবেদক : সংলাপ নিয়ে সরকারের মন্ত্রীদের বক্তব্যের সমালোচনা করে মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, গত বছরও ডেকেছে সংলাপের জন্য। ভেবেছি ভালো কিছু একটা হবে। দুইবার প্রতারণার শিকার হয়েছি। তাদের ২-এর পাতায় দেখুন

এগিয়ে আসছে নির্বাচন, ঢাকার উদ্বেগ নিয়ে মোদীর সফরে বাংলাদেশকে বার্তা দিতে চায় ভারত

আন্তর্জাতিক ডেস্ক : আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে বাংলাদেশ মার্কিন যুক্তরাষ্ট্র সম্পর্কে এখন নানারকম টানাপোড়েনের কথা শোনা যাচ্ছে। দেশের গণ্ডি পেরিয়ে এটি এখন আন্তর্জাতিক ইস্যুতে পরিণত হয়েছে। আর এ নিয়ে একটি নিবন্ধ লিখেছেন ভারতের অগ্নি রায়। 'আনন্দবাজার পত্রিকা অনলাইন' এ তার এই নিবন্ধটি আজ প্রকাশিত হয়েছে। পাঠকদের চাহিদার কথা বিবেচনা করে হুবহু এই নিবন্ধটি আমরা প্রকাশ করলাম।

বাংলাদেশে জাতীয় নির্বাচন এগিয়ে আসার সঙ্গে সঙ্গে সে দেশের উপরে আমেরিকার ক্রমবর্ধমান চাপ নিয়ে শেখ হাসিনা সরকার নয়াদিল্লির কাছে ঘরোয়া ভাবে

উদ্বেগ প্রকাশ করেছে। বাংলাদেশের অভিযোগ, নির্বাচন সুষ্ঠু ও অবাধ করার জন্য আওয়ামী লীগ সরকারের যথেষ্ট উদ্যোগ এবং চিন্তাভাবনা রয়েছে। কিন্তু আমেরিকা এবং আংশিক ভাবে জাপানের পক্ষ থেকে যে ভাবে অতিসক্রিয়তা দেখানো হচ্ছে, তা যথেষ্ট অস্বস্তির। শীর্ষ কূটনৈতিক সূত্রের খবর, বিষয়টি নিয়ে ওয়াশিংটনের সঙ্গে কথা বলার পক্ষপাতী সাউথ ব্লক। প্রকাশ্যে যদিও বিদেশ মন্ত্রকের পক্ষ থেকে বলা হয়েছে, অন্য কোনও রাষ্ট্রের ভোট নিয়ে শেষ কথা বলবেন সে দেশের মানুষ। তাতে নাক গলানোর প্রশ্ন নেই। কিন্তু কূটনৈতিক সূত্রের খবর, জাতীয় নিরাপত্তা উপদেষ্টা অজিত ডোভালের দফতর থেকে ঢাকাকে ২-এর পাতায় দেখুন

এক দশক পর রাজধানীতে জামায়াতের সমাবেশ

নিজস্ব প্রতিবেদক : গতকাল শনিবার বিকেলে রাজধানীর ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশনে জামায়াত ঢাকা মহানগর দক্ষিণ আয়োজিত সমাবেশে তিনি এসব কথা বলেন। দীর্ঘ এক দশক পর রাজধানীতে ইনডোরে (ঘরোয়াভাবে) সমাবেশ করেছে জামায়াত। দ্রব্যমূল্যের উর্ধ্বগতির প্রতিবাদ, জামায়াত নেতা শফিকুর রহমানসহ জাতীয় নেতা এবং ওলামায়ে কেরামের মুক্তি ও তত্ত্বাবধায়ক সরকারের দাবিতে এ সমাবেশ ২-এর পাতায় দেখুন

বায়তুল মোকাররমে সিরাজুল আলম খানের জানাজা অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক : বাংলাদেশের রাজনীতির 'রহস্য পুরুষ' হিসেবে পরিচিত সিরাজুল আলম খানের (দাদা ভাই) প্রথম জানাজা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকাল ১০টার দিকে জাতীয় মসজিদ বায়তুল মোকাররমের দক্ষিণ গেটে তার জানাজা অনুষ্ঠিত হয়।

জানাজায় উপস্থিত ছিলেন জাতীয় সমাজতান্ত্রিক দলের (জেএসডি) সভাপতি আ স ম আবদুর রব, বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর, নাগরিক ঐক্যের সভাপতি মাহমুদুর রহমান মান্না, জনসংহতি আন্দোলনের প্রধান সমন্বয়ক জোনায়েদ সাকি, বিপ্লবী ওয়ার্কার্স পার্টির সাধারণ সম্পাদক সাইফুল হক প্রমুখ।

এর ২-এর পাতায় দেখুন

মহেশপুরে পাওয়ার টিলার দৌড় প্রতিযোগিতা দেখতে এলেন এমপি চঞ্চল

মহেশপুর (ঝিনাইদহ) থেকে মো ঃ আজাদঃ ঝিনাইদহরে মহেশপুরে ইঞ্জিন চালিত পাওয়ার টিলার দৌড় প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। স্বরুপপুর ইউনিয়নের করিঞ্চা যুব সমাজের উদ্যোগে অনুষ্ঠিত হয় এই প্রতিযোগিতা। উপজেলার করিঞ্চা গ্রামের মাঠে বিভিন্ন এলাকা থেকে এ পাওয়ার টিলার (টলি) দৌড় প্রতিযোগিতা দেখতে শনিবার দিনভর মহেশপুরের করিঞ্চা গ্রামের মাঠে জড়ো হয়েছিলো হাজার হাজার নারী পুরুষ। দিনব্যাপী আয়োজনে ছিলো হার-জিত, ছিলো পুরস্কার বিতরণ। আর রোমাঞ্চকর এই প্রতিযোগিতা ঘিরে আনন্দ মেলা ছিলো বাড়তি আকর্ষণ। পাওয়ার টিলার (টলি) দৌড় প্রতিযোগিতা দেখতে উপস্থিত হন ঝিনাইদহ ৩ আসনের সংসদ সদস্য আলহাজ শাফিকুল আজম খান চঞ্চল। অনেক দূর-দূরান্ত ২-এর পাতায় দেখুন

শৈলকুপায় কৃষি মেলার উদ্বোধন করলেন আব্দুল হাই এমপি

চঞ্চল মাহমুদ, শৈলকুপা থেকে : ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলায় কন্দাল ফসল উন্নয়ন প্রকল্পের আওতায় শনিবার দুপুরে ৩দিন ব্যাপি কৃষি মেলা-২০২৩ এর শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরী এর সভাপতিত্বে উক্ত মেলায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জননেতা আব্দুল হাই এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ,জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান আসাদ, পৌর মেয়র আলহাজ্ব কাজী আশরাফুল আজম,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুনব্বী কালু। এসময় উপস্থিত ছিলেন, উপস্থিত ছিলেন, উপজেলা যুবলীগের সভাপতি শামিম হোসেন মোল্লা, উপজেলা ২-এর পাতায় দেখুন

ঝিনাইদহ সরকারী শিশু হাসপাতালে অক্সিজেন পরিবহন ব্যাক্তিগত ভাবে দান করলেন এস.এম.আনিছুর রহমান খোকা, সাবেক চেয়ারম্যান. ঝিনাইদহ পৌর সভা। ডাঃ জামিলের নিকট হস্তান্তরের সময় সময় হাসপাতালের ডাক্তাররা উপসিহত ছিলেন।

মেহেরপুরে ৪ হাজার মেঃ টন সার গুদামের ভিত্তিপ্রস্তর স্থাপন

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুর সদর উপজেলার বারাদীতে ৪ হাজার মেঃ টন ধারণ ক্ষমতাসম্পন্ন পিএফজি সার গুদামের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে। শনিবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সার গুদামের নির্মাণ কাজের ভিত্তিপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জেলা প্রশাসক মোহাম্মদ আজিজুল ইসলাম। এসময় বিশেষ অতিথি হিসেবে ঢাকা বিএডিসি'র চেয়ারম্যান (গ্রেড-১) এনডিসি আব্দুল্লাহ সাজ্জাদ, সদস্য পরিচালক (সার ব্যবস্থাপনা) মো: আব্দুস সামাদ, সদস্য পরিচালক (বীজ ও উদ্যান) মোঃ মোস্তাফিজুর রহামান, সচিব মোঃ আশরাফুজ্জামান, মেহেরপুর পুলিশ সুপার রাফিউল আলম, মেহেরপুর বিএডিসি'র উপপরিচালক শঙ্কর কুমার মজুমদার সহ অন্যান্য অতিথিবৃন্দ ও এলাকাবাসী উপস্থিত ছিলেন। প্রধান ২-এর পাতায় দেখুন

ঝিনাইদহে জাসদ ছাত্রলীগের সাবেক নেতৃবৃন্দের পুনর্মিলনী অনুষ্ঠিত

নিজস্ব প্রতিবেদক : বাংলাদেশ ছাত্রলীগ (জাসদ) ঝিনাইদহ জেলার বিভিন্ন স্তরের (১৯৭২-১৯৯১) সাবেক নেতৃবৃন্দের পুনর্মিলনী ২০২৩ অনুষ্ঠিত হয়েছে। শনিবার সকাল থেকে দিনব্যাপী ঝিনাইদহ আইনজীবী সমিতির কার্যালয়ে এই সভা ও স্মৃতি চারণ অনুষ্ঠিত ২-এর পাতায় দেখুন

চুয়াডাঙ্গায় কৃষি উদ্যোক্তা পুরষ্কার বিতরণ

চুয়াডাঙ্গা প্রতিনিধি: চুয়াডাঙ্গা জেলার সম্ভাবনাময় কৃষি উদ্যোক্তাদের উৎসাহিত করার লক্ষ্যে 'কৃষি উদ্যোক্তা পুরষ্কার ২০২৩' বিতরণ করা হয়েছে। শনিবার বিকালে জেলার দামুড়হুদা উপজেলার দর্শনায় ওয়েভ ট্রেড ট্রেনিং সেন্টার প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। নাগরিক ওয়েভ ফাউন্ডেশন আয়োজিত পুরষ্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটির এক্সিকিউটিভ ভাইস চেয়ারম্যান মো. ফসিউল্লাহ।

ওয়েভ ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক মহসিন আলীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক নাজমুল হামিদ রেজা। অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের চেয়ারম্যান আলী মুনছুর বাবু, দামুড়হুদা ২-এর পাতায় দেখুন

মাগুরা ওয়াপদা মোড়-কুষ্টিয়া আঞ্চলিক সড়ক ও লাঙ্গলবাঁধ টু-পাংশা ব্রীজের কাজ পরিদর্শন উপলক্ষে বিশাল জনসভায় পাঁচ এমপি হানিফ, আব্দুল হাই, শিখর, জিল্লুর হাকিম ও জর্জ

মাগুরা-ফরিদপুরের সাথে ঝিনাইদহ শৈলকুপার সড়ক যোগাযোগে নতুন মাইল ফলক

প্রধানমন্ত্রী এটিকে আঞ্চলিক মহাসড়ক হিসেবে উল্লেখ করেছেন

বিশেষ প্রতিনিধি : মাগুরা ওয়াপদা মোড়-কুষ্টিয়া আঞ্চলিক সড়ক ও লাঙ্গলবাঁধ টু-পাংশা ব্রীজের কাজ পরিদর্শন উপলক্ষে বিশাল গতকাল মাগুরা জেলার শ্রী-পুর উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে এক বিশাল জনসভা অনুষ্ঠিত হয়। জনসভায় প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক মাহবুব-উল আলম হানিফ এমপি, বিশেষ অতিথি ছিলেন, ঝিনাইদহ-১ আসনের এমপি, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি, রাজবাড়ী-২ আসনের এমপি বীর মুক্তিযোদ্ধা জিল্লুর হাকিম, মাগুরা-১ আসনের এমপি, এড. সাইফুজ্জামান শিখর, কুষ্টিয়া-২ আসনের এমপি সেলিম আলতাফ জর্জ।

আরো বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাগুরা জেলা আওয়ামী লীগের সভাপতি আ.ফ.ম আব্দুল ফাত্তাহ, সাধারণ সম্পাদক পঙ্কজ কুমার কুন্ডু, শ্রী-পুর উপজেলা চেয়ারম্যান মিঞা মাহমুদুল গণি, শৈলকুপা উপজেলা পরিষদ চেয়ারম্যান এম আব্দুল হাকিম আহমেদ, শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের সাবেক আহবায়ক ও ধলহরচন্দ্র ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

দৈনিক

এই আমার দেশ

Daily Eai Amar Desh

e-paper.eaiamardesh.com

www.eaiamardesh.com

রোববার ১১ জুন ২০২৩

শৈলকুপায় ঘরে ঘরে আমসত্ত্ব তৈরির ধুম

চঞ্চল মাহমুদ, শৈলকুপা থেকে : আবহমান কাল ধরেই বাঙলার ঘরে ঘরে মুখরোচক আমের আচার, আমসত্ত্ব, আমতেল, আমচুর জনপ্রিয়। আগে প্রতিটি বাড়িতেই লোভনীয় এসব খাদ্যসামগ্রী পাওয়া যেত। কালের আবর্তে গ্রামীণ ঐতিহ্যের এসব খাবার তৈরি অনেকটা কমে এলেও আমের মৌসুমে অনেক বাড়িতেই তৈরি করা হয় এসব খাদ্য সামগ্রী।

এবার দেশের সব জেলাতেই পর্যাপ্ত পরিমাণে আমের ফলন হওয়ায় প্রায় প্রতিটি বাড়িতেই আমসত্ত্ব দেওয়ার ধুম পড়েছে। ঝিনাইদহের শৈলকুপায় প্রায় প্রতিটি বাড়ির উঠোন বা ঘরের চালে দেখা মিলছে আমসত্ত্বের। মা-চাচি-দাদিরা যত্ন করে তৈরি করছেন এসব খাবার। সরেজমিনে গিয়ে যেয়ে দেখা যায়, শৈলকুপা উপজেলার বাড়িতে বাড়িতে এখন ডালা-কুলা, স্টিলের থালা এমনকি খেজুরের পাটিতেও আমসত্ত্ব দিয়ে রোদে শুকাতে দিয়েছেন বাড়ির আঙ্গিনায় বা চালে।

কথা হয় শৈলকুপা উপজেলার রঘুনন্দনপুর গ্রামের বৃদ্ধা যমুনা দাসের সঙ্গে। তিনি বলেন, সারাবছর আম পাওয়া যায় না। এবার প্রচুর আম হইছে। তাই বেশি করে বানিয়ে রাখছি। সারাবছর খাওয়া যাবে। দুধের সঙ্গে আমসত্ত্ব দিয়ে ভাত দিয়ে খেতে খুব মজা। বাচ্চারাও আমসত্ত্ব খেতে খুব ভালোবাসে।

আমসত্ত্ব তৈরির বিষয়ে তিনি বলেন, মাত্র ৭ থেকে ৮ দিন রোদে দিলেই হয়ে যায়। মাঝেমধ্যে আমসত্ত্ব উল্টিয়ে ২-এর পাতায় দেখুন

রামপালের জন্য কয়লা নিয়ে মোংলায় চীনা জাহাজ

নিজস্ব প্রতিবেদক : বাগেরহাটের রামপাল তাপবিদ্যুৎকেন্দ্রের জন্য আনা কয়লা নিয়ে মোংলা সমুদ্রবন্দরে পৌঁছেছে চীনা পতাকাবাহী জাহাজ এমভি জে হ্যায়।

গতকাল শনিবার সকালে ২৬ হাজার ৬২০ মেট্রিক টন কয়লা নিয়ে মোংলা বন্দরের হাড়বাড়ীয়ায় ভিড়েছে।

এর আগে গত ২১ মে মোংলা বন্দরের উদ্দেশে ইন্দোনেশিয়া থেকে ছেড়ে আসে জাহাজটি। সকাল থেকেই এ জাহাজ থেকে কয়লা খালাস করে লাইটার বা কোস্টার জাহাজে করে তাপ বিদ্যুৎকেন্দ্রের নিজস্ব জেটিতে নেওয়া শুরু হয়েছে।

বিদেশি জাহাজ 'জে হ্যায়'র স্থানীয় শিপিং এজেন্ট টগি শিপিং অ্যান্ড লজিস্টিক লিমিটেডের খুলনার সহকারী ব্যবস্থাপক খন্দকার রিয়াজুল হক বলেন, কয়লা নিয়ে চীনের পতাকাবাহী জাহাজ এম.ভি জে হ্যায় ভোর ৫টার দিকে বন্দরের পশুর চ্যানেলের হাড়বাড়ীয়ার ১১ নম্বর অ্যাংকোরেজে ভিড়েছে। জাহাজ থেকে কয়লা খালাস ও পরিবহণের কাজ শুরু হয়েছে।

এর আগে গত ১৬ মে বাংলাদেশি পতাকাবাহী জাহাজ এম.ভি বসুন্ধরা ইমপ্রেসে ৩০ হাজার মেট্রিক টন ও ২৯ মে এম.ভি বসুন্ধরা ম্যাজেস্টি জাহাজে ৩০ হাজার ৫০০ মেট্রিক টন কয়লা এসেছিল মোংলা বন্দর হয়ে ২-এর পাতায় দেখুন

তীব্র তাপদাহের পর মেহেরপুরে স্বস্তির বৃষ্টি, কমেনি ভ্যাপসা গরম

মেহেরপুর প্রতিনিধি : একটানা বেশ কিছুদিন ধরে অনাবৃষ্টির পর শুক্রবার মেহেরপুরে দেখা মিলেছে স্বস্তির বৃষ্টির। শুক্রবার জুম্মার নামাজের পর থেকে আকাশে দেখা দেয় কালো মেঘের ঘনঘটা। পরে শুরু হয় গুড়ি গুড়ি বৃষ্টি! এরপর থেকেই কমতে শুরু করেছে তাপমাত্রা। আবহাওয়া অফিস সূত্রে জানা গেছে, শুক্রবার সকালের দিকে এ অঞ্চলের তাপমাত্রা ছিল ৩২ ডিগ্রি সেলসিয়াস। তবে বাকী দিন গুলোর চাইতে তীব্র গরম আর তাপদাহ কিছুটা ব্যতিক্রম ছিল। তবে দুপুরে জুম্মার নামাজের পর থেকেই শুরু হয় সেই স্বস্তির বৃষ্টি। মেহেরপুর জেলা-সহ সারাদেশে বেশ কিছুদিন বৃষ্টি না হওয়ায় জনজীবনে বাড়তে থাকে অস্বস্তি। তার সাথে দীর্ঘ ২-এর পাতায় দেখুন

হরিণাকুণ্ডুতে মায়ের দুধের উপকারিতা বিষয়ে অবহিতকরণ সভা

মোঃ আবু সাইদ,হরিণাকুন্ডু : ঝিনাইদহের **হরিণাকুণ্ডুতে মায়ের দুধের উপকারিতা ও** গুঁড়া দুধের অপকারিতা **বিষয়ে অবহিতকরণ সভা অনুষ্ঠিত** হয়েছে। জাতীয় পুষ্টি সেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের আয়োজনে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে এর বাস্তবায়নে শনিবার ২-এর পাতায় দেখুন

হরিণাকুন্ডু কাপাসহাটিয়া ইউনিয়ন পরিষদে কর্মশালা অনুষ্ঠিত

ময়না খাতুন : ঝিনাইদহ হরিণাকুন্ডু উপজেলার কাপাসহাটিয়া ইউনিয়ন পরিষদে কৃষক, স্বেচ্ছাসেবক এবং ইউনিয়ন পরিষদের সদস্যদের অংশগ্রহণে ইউনিয়ন কর্মশালা অনুষ্ঠিত হয়। এশিয়া আর্সেনিক নেটওয়ার্ক বাংলাদেশ প্রকল্প এর উদ্যোগে ইউনিয়ন কর্মশালা রবিবার সকাল ১০ টায় অনুষ্ঠিত হয়। ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরফুদ্দৌলা ঝন্টু 'র সভাপতিত্বে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে । কর্মশালায় বক্তব্য রাখেন এসএএও মশিয়ার রহমান ও তুষার। এমডিও সাদ ২-এর পাতায় দেখুন

পোড়াহাটি ইউনিয়নের শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও কমিউনিটি ক্লিনিকে মেশিন বিতরণ

নিজস্ব প্রতিবেদক : ঝিনাইদহের পোড়াহাটি ইউনিয়নের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বেঞ্চ ও কমিউনিটি ক্লিনিকে বিভিন্ন প্রকার মেশিন বিতরণ করা হয়। শনিবার স্ব-স্ব প্রতিষ্ঠানের নিকট এসব প্রদান করা হয়। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা মিথিলা ইসলাম। এ ২-এর পাতায় দেখুন

গাংনীতে ফেন্সিডিলসহ আটক ২

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুরের গাংনীতে ৫ বোতল ফেন্সিডিলসহ জাহিদ হাসান (২০) ও তুহিন (৩৬) নামের দুই জনকে আটক করেছে গাংনী থানা পুলিশ। শনিবার দুপুরের দিকে গাংনী উপজেলার কাজিপুর এলাকায় অভিযান চালিয়ে এই দুইজনকে আটক করে পুলিশ। আটককৃতরা হলেন, কুষ্টিয়া সদর উপজেলার বারখাদা ত্রিমোহনী গ্রামের খাইরুল ইসলামের ছেলে জাহিদ হাসান (২০) ও একই এলাকার মিরাজুল ইসলামের ছেলে তুহিন (৩৬)। এসময় তাদের কাছ থেকে একটি মোটরসাইকেল জব্দ করা হয়েছে। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক এই তথ্য নিশ্চিত করেছেন। এঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দিয়ে ২-এর পাতায় দেখুন

শিশু রাইনার আগামী কি হবে ?

রাব্বী আহমেদ, মেহেরপুর : গাংনীর ল্যান্স কর্পোর্‌যাল দেলোয়ারের বাড়িতে শোকের মাতম বইছে এখনও। নিহতের শিশু সন্তান রাইয়ান ও তার ভবিষ্যৎ নিয়ে কিংকর্তব্য বিমুঢ় স্ত্রী রজনী খাতুন সহ স্থানীয়রা। শত্রুর বুলেট নয়, সিলেটে নির্মানাধিন ভবনের মালামাল পড়ে মর্মান্তিক মৃত্যু ঘটেছে দেশ সেবায় অংশ নেয়া বাংলাদেশ সেনা বাহিনীর বীর সৈনিক দেলোয়ার হোসেনের। তার এই অকাল মৃত্যুতে গোটা পরিবার শোকে বিহ্বল। শুধু তাই নয়, প্রতিবেশি এমনকি এলাকাবাসিও শোকে মুহ্যমান। পরিবার প্রতিবেশি এমনকি এলাকাবাসিরাও সংশ্লিষ্ট ভবন নির্মাণকারী প্রতিষ্ঠানের শাস্তির দাবী করেন। দেলোয়ার হোসেন সেনাবাহিনীর ১৭ পদাতিক ডিভিশনের ৫০ ফিল্ড আর্টিলারীতে সিলেট সেনানিবাসে কর্মরত ছিলেন। সে মেহেরপুরের গাংনীর রাইপুর গ্রামের আতিয়ার রহমানের ছেলে। সরেজমিনে গিয়ে দেখা গেছে, স্বামী হারানোর শোকে কান্নার পাশাপাশি মুর্ছা যাচ্ছিলেন ল্যান্স কর্পোরাল দেলোয়ার হোসেনের স্ত্রী রজনী খাতুন। বুক চাপড়ে কান্নায় ভেঙ্গে পড়েন তিনি। চার বছর বয়সি ছেলে রাইয়ান ও তার ভবিষ্যৎ নিয়ে বেশ চিন্তিত। এদিকে শোকে জগদ্দল পাথর বুকে নিয়ে বাবা আতিয়ার রহমান আর মা ইসমতারা ছেলের বউ ও নাতিকে সান্তনা দিচ্ছেন। ছেলের অকাল প্রয়ান কোন মতেই মানতে পারছেন না তারা। বাড়ির সামনে মাচানে গাছের নীচে বসে ২-এর পাতায় দেখুন

মাস্কাট বিমানবন্দরে ফুলে ফুলে সিক্ত হলেন এইচ এম মোরশেদ

রশিদুল ইসলাম রিপন : ওমানের মাস্কাট বিমানবন্দরে বিদায়ী বেলায় ফুলেল শুভেচ্ছায় সিক্ত হলেন- মাতৃভূমি মানবিক ফাউন্ডেশন বাংলাদেশ ওমান কেন্দ্রীয় কমিটির আহ্বায়ক ও বিশিষ্ট সমাজসেবক ও কর্মীবান্ধব নেতা, সংগঠক, মানবিক মানুষ এবং ওমান সুন্নীজনতার প্রাণের স্পন্দন এইচ.এম.মোরশেদ আলম। মাতৃভূমি মানবিক ফাউন্ডেশন বাংলাদেশ ওমান কেন্দ্রীয় কমিটির আহবায়ক ২-এর পাতায় দেখুন

মহেশপুরে কিশোরীদের মাঝে সচেতনতা মুলক প্রশিক্ষন সামগ্রী বিতরণ

মহেশপুর (ঝিনাইদহ) থেকে মোঃ আজাদ : গতকাল শনিবার সকালে ঝিনাইদহের মহেশপুর উপজেলার খালিশপুর মাধ্যমিক বিদ্যালয়ের শ্রেনী কক্ষে দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা প্রকল্প (ইরেসপো) উদ্যোগে কিশোরীদের সচেতনতা মুলক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। কিশোরীদের সচেতনতা মুলক অনুষ্ঠানে কিশোরীদের মাঝে প্রশিক্ষন সামগ্রীও বিতরণ করা হয়েছে। খালিশপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলহাজ মোজাম্মেল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত কিশোরীদের সচেতনতা মুলক প্রশিক্ষণ ও প্রশিক্ষণ সামগ্রী বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মহেশপুর উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বাহাউল ইসলাম, উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের মেডিকেল অফিসার ফারজানা নাজনীন সাম্মী, সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা (ইরেসপো) প্রমেট চন্দ্র বর্মন। পরে কিশোরীদের সচেতনতা মুলক প্রশিক্ষক অনুষ্ঠানে উপস্থিত কিশোরীদের মাঝে প্রশিক্ষণ সামগ্রী বিতরণ করা হয়।

মাগুরায় ১৯২ জন ছাত্রী পেলো বিনামূল্যের বাইসাইকেল

মাগুরা সংবাদদাতা : মাগুরা জেলার সদর উপজেলার ৫৪ টি মাধ্যমিক বিদ্যালয়ের মোট ১৯২ ছাত্রীর মধ্যে বিনামূল্যে বাইসাইকেল বিতরণ করা হয়েছে। গতকাল শনিবার বেলা ১১টায় মাগুরা সরকারি উচ্চ বিদ্যালয় চত্বরে সদর উপজেলা পরিষদ নির্বাহী কর্মকর্তা তারিফ-উল-হাসানের সভাপতিত্বে এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান ২-এর পাতায় দেখুন

কুষ্টিয়ায় আদর্শ জুটি ক্যাটাগরীতে জাগ্রত সম্মাননা পেলেন ছয় দম্পতি

কুষ্টিয়া প্রতিনিধি: সমাজের বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখার স্বীকৃতি হিসেবে আদর্শ জুটির সম্মাননা পেয়েছেন ছয় দম্পতি। শুক্রবার রাতে কুষ্টিয়া জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে তাদের হাতে সম্মাননাপত্র তুলে দেন কুষ্টিয়ার পুলিশ সুপার খাইরুল আলম। জাগ্রত সাহিত্য পরিষদ কুষ্টিয়া জেলা কমিটি এ সম্মাননা প্রদান অনুষ্ঠানের আয়োজন করে। চিকিৎসা সেবা ক্যাটাগরীতে আদর্শ জুটি ডা: আমিনুল হক রতন ও ডা: আসমা জাহান লিজা, সংস্কৃতি ক্যাটাগরীতে আদর্শ জুটি মো: আমিরুল ইসলাম ও আশরাফুননাহার দিনু, সাংবাদিকতা ক্যাটাগরীতে আদর্শ জুটি আলহাজ্ব রাশেদুল ইসলাম বিপ্লব ও আফরোজা আক্তার ডিউ, ব্যবসায়ী ক্যাটাগরীতে আদর্শ জুটি হাবিবুল আলম ও সাফিনা আঞ্জুম জনী, কুষ্টিয়ার ইতিহাস ঐতিহ্য গবেষনা ক্যাটাগরীতে আদর্শ জুটি ড. মুহম্মদ এমদাদ হাসনায়েন ও ড. সারিয়া সুলতানা এবং শিক্ষা ও সাহিত্য ক্যাটাগরীতে আদর্শ জুটি ড. সরওয়ার মুর্শেদ ২-এর পাতায় দেখুন

আইনজীবী সমাজের উজ্জ্বল নক্ষত্র, বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের কেন্দ্রীয় নেতা, তরুন উদীয়মান, যুবলীগ কেন্দ্রীয় কমিটির অন্যতম সদস্য, আইনজীবী, বিশিষ্ট সমাজ সেবক,অবহেলিত ভাগ্যবিড়ম্বিত মানুষের ন্যায্য অধিকার আদায়ে অগ্রনায়ক, সততা,স্বাধীনচেতা, উদারতা, বঙ্গবন্ধুর আদর্শের মূর্তপ্রতীক, একনিষ্ঠমুজিব সৈনিক, অন্যায়ের বিরুদ্ধে বলিষ্ঠ কণ্ঠস্বর, গরিব- মেহনতি মানুষের সেবায় নিবেদিত প্রাণ, দূর্নীতিমুক্ত সমাজ প্রতিষ্ঠায় নির্ভীক পথ প্রদর্শক এবং জীবন জীবনের জন্য ফাউন্ডেশন এর নির্বাহী পরিচালক- জনাব অ্যাডভোকেট মোঃ শাহরিয়ার কবির দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে ৮০, চুয়াডাঙ্গা- ২ আসনের আওয়ামী লীগ মনোনিত এম. পি. প্রার্থী হিসাবে সর্বস্তরের জনগনের সার্বিক সহযোগিতা ও দোয়া প্রার্থী।

সাতক্ষীরায় প্রেমে ছ্যাঁকা খেয়ে যুবকের দুধ দিয়ে গোসল!

নিজস্ব প্রতিবেদক : সাতক্ষীরার কলারোয়া উপজেলায় প্রেমে ছ্যাঁকা খেয়ে রাগে, দুঃখে, মাথা ন্যাড়া করে দুধ দিয়ে গোসল করেছেন আহাদ আলী (২০) নামের এক যুবক। এঘটনায়এলাকা জুড়ে আলোচনার ঝড় উঠেছে।

গতকাল শনিবার বেলা ১১টায় কলারোয়া উপজেলার চন্দনপুর ইউনিয়নের গোয়ালপাড়া গ্রামে ঘটনাটি ঘটেছে।

জানাযায়, কলারোয়া উপজেলার চন্দনপুর ইউনিয়নের গোয়ালপাড়াগ্রামের আহাদ আলীর সাথে একই গ্রামের এক স্কুলছাত্রীর কয়েক বছরের প্রেমের সম্পর্ক ছিলো। ভালোই চলছিল তাদের প্রেমের ২-এর পাতায় দেখুন

মাদক মুক্ত খুলনা গড়তে সকলের সহযোগিতা চাইলেন নৌকার মেয়র প্রার্থী খালেক

এম রোমানিয়া : মাদক মুক্ত খুলনা গড়তে সকলের সহযোগিতা চাইলেন নৌকার মেয়র প্রার্থী তালুকদার আব্দুল খালেক। আসন্ন কেসিসি নির্বাচনে আওয়ামী লীগ মনোনীত ও ১৪দল সমর্থিত মেয়র প্রার্থী তালুকদার আব্দুল খালেক খুলনা মহানগরীকে মাদকমুক্ত করতে সকলের সহযোগিতা চেয়ে বলেন, জীবনের শেষ রক্তবিন্দু দিয়ে হলেও পরিচ্ছন্ন বাসযোগ্য ও মাদকমুক্ত মহানগরী গড়ে তোলা হবে। তিনি বলেন, কোন মাদক বিক্রেতা বা সেবনকারী জনপ্রতিনিধি হতে পারেনা। এদের কোন রাজনৈতিক দল নেই। এরা সুবিধাবাদী ও জাতির শত্রু। ভোটের মাধ্য এদের প্রতি ঘৃণা প্রকাশ করতে হবে। মেয়র প্রার্থী খালেক আজ শনিবার (১০জুন) সকাল ৯টায় মহানগরীর খালিশপুরস্থ উর্দুভাষি ক্যাম্প থেকে শুরু করে ১১, ১২, ১৩ ও ১৫নং ওয়ার্ডে সুধীজনদের সাথে মতবিনিময় ও গণসংযোগকালে তিনি এসব কথা বলেন।



মেয়র প্রার্থী তালুকদার আব্দুল খালেক চলমান উন্নয়ন ধারা অব্যাহত রাখতে পুণরায় নৌকা প্রতিকে ভোট প্রার্থনা করে বলেন, নতুন প্রজন্মের জন্য খুলনা মহানগরীকে স্মার্ট ডিজিটাল নগরী হিসেবে গড়ে তুলতে না পারলে আমাদের বিবেকের কাঠগড়ায় দাঁড়াতে হবে। এ সময় মেয়র ২-এর পাতায় দেখুন

ডা. সুধীর কুমার সমাদ্দার স্মরণে স্মারক গ্রন্থের জন্য লেখা আহবান

প্রিয় সুধি

ঝিনাইদহের সাংস্কৃতিক অঙ্গনের সুপরিচিত বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব ডা. সুধীর কুমার সমাদ্দার স্মরণে একটি স্মারক গ্রন্থ প্রকাশের উদ্যোগ নেয়া হয়েছে। তাঁর বর্ণিল, সৃজনশীল জীবনের স্মৃতিকথাগুলো আমরা সংগ্রহ করছি এবং এর প্রেক্ষিতে আপনার সাথে থাকা স্মৃতিগুলো লিখিতভাবে আমরা পেতে চাই। তাঁর স্মৃতি, ছবি, লেখা প্রভৃতি থাকলেও দিয়ে সহযোগিতা করবেন। লেখা আগামী ৩০ আগস্ট ২০২৩ তারিখের মধ্যে begoboti2009@gmail.com ইমেইলে প্রেরণের জন্য জন্য বিনীত অনুরোধ করছি।

বিনীত
সুমন শিকদার

সম্পাদকমন্ডলীর সভাপতি : **আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী)** সম্পাদক ও প্রকাশক : **আলী কদর পলাশ,** ভারপ্রাপ্ত সম্পাদক : **তানভীর হাসান (জিসান হাই)**,ব্যবস্থাপনা সম্পাদক : **আশরাফুল আলম চঞ্চল,** নির্বাহী সম্পাদক : **তুহিন আরণ্য**
সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ অফিস : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫, ০১৭৩৪-১০৪৪১৪ বিজ্ঞাপন-সার্কুলেশন : ০১৯৬৯৮৩১৯১৮

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

শিক্ষাপ্রতিষ্ঠানে বেতন ও ফির সমন্বিত ব্যবস্থা প্রয়োজন

সারা দেশেই শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীর বেতনসহ নানা ফিতে বিস্তর ফারাক দেখা যায়। সমন্বিত কোনো ব্যবস্থা না থাকায় বিভিন্ন বিদ্যালয় বিশেষ করে বেসরকারি বিদ্যালয়গুলো নিজেদের মতো করে বেতন-ফি ঠিক করে। আবার শিক্ষাপ্রতিষ্ঠানে ঠিকমতো পড়াশোনা না হওয়ায় কোচিং-প্রাইভেটেও খরচ করতে হয় অভিভাবকদের। বাংলাদেশের শিক্ষা খাতে ব্যয়ের ৭১ শতাংশই পরিবারকে বহন করতে হয়। এর মধ্যে কোচিং-প্রাইভেটের খরচও দিন দিন বাড়ছে। এনজিও বিদ্যালয়ে ফি সরকারি প্রতিষ্ঠানের তুলনায় তিন গুণ আর বেসরকারি কিন্ডারগার্টেনে ৯ গুণ বেশি। তাই বেতন ও ফির বিষয়ে একটি সমন্বিত ব্যবস্থা দরকার। এ ছাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মতো মাধ্যমিক পর্যন্ত স্বীকৃতিপ্রাপ্ত ও এমপিওভুক্ত সব শিক্ষাপ্রতিষ্ঠানকে জাতীয়করণ করা গেলে এই বৈষম্য দূর করা যাবে। বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরোর (ব্যানবেইস) তথ্য মতে, দেশে মাধ্যমিক স্তরে পড়ানো হয় ২০ হাজার ৯৬০ বিদ্যালয়ে। এগুলোতে মোট শিক্ষার্থী ১ কোটি ১ লাখের বেশি। অন্যদিকে সরকারি-বেসরকারি মিলিয়ে প্রাথমিক স্তরের ১ লাখ ১৮ হাজার ৮৯১ শিক্ষাপ্রতিষ্ঠান আছে। এগুলোতে মোট শিক্ষার্থী ২ কোটি ১ লাখের বেশি। একেক ধরনের শিক্ষাপ্রতিষ্ঠান একেক ধরনের বেতন ও ফি আদায় করে। তাই এসব বৈষম্য দূর করা উচিত। যেকোনোভাবেই হোক বিদ্যালয়গুলোর মধ্যে সামঞ্জস্য আনা দরকার। যেহেতু আমাদের দেশের শিক্ষা ব্যবস্থা চরম বিশৃঙ্খল, বৈষম্যমূলক, বাণিজ্যিক এবং অমানবিক। এ বৈষম্যমূলক কারণে রাষ্ট্র সবার জন্য সমান সুযোগ দিচ্ছে না। যার অর্থ নেই তারা পড়ে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে, যার আরেকটু সামর্থ্য আছে তারা পড়ে কিন্ডারগার্টেনে, আরও ধনীরা পড়ে ইংলিশ মিডিয়াম স্কুলে। কে কেমন শিক্ষা পাবে সেটা এখানে অর্থ দ্বারা নিয়ন্ত্রিত। এসব বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানগুলো পরিচালিত হয় বাণিজ্যিক চিন্তা ভাবনা নিয়ে, কিছু ব্যতিক্রম ছাড়া। এমন অনেক ইংরেজি মাধ্যম স্কুল আছে যেগুলোর বেতন মাসে লক্ষ টাকা। এর বাইরে আছে প্রাইভেট টিউশন। যে শিক্ষা প্রতিষ্ঠানেই পড়ুক না কেন - কোচিং এবং প্রাইভেট টিউশন সবারই করা লাগে। ভাল স্কুলে ক্লাস ওয়ানে ভর্তি করার জন্য পর্যন্ত কোচিং করা লাগে, বিশ্ববিদ্যালয়ের ভর্তি কোচিং তো আছেই। কিন্ডারগার্টেন স্কুল গুলো সহশিক্ষার নামে শিশুদের উপর বাড়তি বইয়ের বোঝা চাপিয়ে দিচ্ছে। এর সাথে আছে ক্লাস টেস্ট, মাসিক পরীক্ষা, ত্রৈমাসিক পরীক্ষা, বার্ষিক পরীক্ষা। স্কুলের পর কোচিং, নেই খেলার অবসর। কিন্ডারগার্টেন স্কুলগুলোতে নেই খেলার মাঠ। লেখাপড়া বাচ্চাদের কাছে একটা আতংকের বিষয় হয়ে দাঁড়িয়েছে। শিক্ষিত করার বদলে শিক্ষা প্রতিষ্ঠান গুলো হয়ে দাঁড়িয়েছে তোতাপাখির মত মুখস্থ বুলি শেখানোর প্রতিষ্ঠান।

শৈলকুপায় কৃষি মেলার উদ্বোধন

পরিষদের সাবেক মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা নাসরিন লিপি।
প্রধান অতিথি আব্দুল হাই এমপি বলেন, দেশের বর্ধিত জনগোষ্ঠী খাদ্যনিরাপত্তা নিশ্চিতকরণে কন্দাল ফসল এক গুরুত্বপূর্ণ শস্য। এটি আপদকালীন সবজি হিসেবেও সমাদৃত। যা অনাবাদি, অনুর্বর ও পতিত জমিতে চাষযোগ্য।এছাড়া পুষ্টিগুণ রয়েছে যথেষ্ট পরিমাণ। এসব বিষয়ের ওপর গুরুত্ব দিতে এর আবাদ সম্প্রসারিত হচ্ছে। ভালো ফলন এবং উচ্চমূল্যের কারণে কৃষকপর্যায়ে গ্রহণযোগ্যতা বাড়ছে বেশ।

মহেশপুরে পাওয়ার টিলার

থেকে এ প্রতিযোগিতা দেখতে আসা দর্শকরা জানান, এমন একটি আয়োজনে তারা সবাই খুশি। এ রকম প্রতিযোগিতা প্রতি বছর আয়োজনেরর দাবি জানান তারা।

মেহেরপুরে ৪ হাজার মেঃ টন

অতিথির বক্তব্যে জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেন, মেহেরপুর ধান, গম, ভুট্টা, পাট সহ হরেক সব্জি উৎপাদনে প্রসিদ্ধ একটি জেলা। এই জেলার ৪ হাজার মেট্রিক টন ধারণ ক্ষমতা সম্পন্ন এই বৃহৎ গুদামটি নির্মিত হলে আমাদের কৃষকদের আর অন্য জেলার উপর নির্ভর করতে হবেনা। বরং নিজ এলাকার চাহিদা মিটিয়ে পার্শ্ববর্তী জেলার চাহিদা মেটানো সম্ভব হবে। তিনি বলেন-ফসলের নায্য মূল্য পাচ্ছে, উৎপাদন বেড়েছে, পণ্য বাজারজাতকরণে হয়রানি কমেছে তাই কৃষক ফসল চাষ করে এখন লাভবান হচ্ছেন। কৃষক ভালো আছেন। বর্তমান সরকার কৃষি ও কৃষককে বাঁচাতে বহুমুখী পরিকল্পনা ও প্রকল্প নিয়ে কাজ শুরু করেছে।

ঝিনাইদহে জাসদ ছাত্রলীগের

হয়। সাবেক ছাত্রলীগ নেতা ও জাসদের স্থায়ী কমটির সদস্য মনোয়ার হোসেনের সভাপতিত্বে এবং সাবেক ছাত্রনেতা ফজলুর রহমান খুররম এর সঞ্চালনায় এই আলোচনা ও স্মৃতি চারণ সভা অনুষ্ঠিত হয়। পুনর্মিলনী সভায় জেলা ছাত্রলীগ ও জাসদের সাবেক নেতা এপিপি এ্যাড.ইসমাইল হোসেন, এ্যাড.এ কে এম মনোয়ারুল হক লাল, এ্যাড. সাদাতুর রহমান হাদী, মনিরুজ্জামান জামান, মনিরুল ইসলাম, সাবেক কাউন্সিলর মাহবুবুর রহমান শেখর, এ্যাড. আসাদুজ্জামান, চন্দন চক্রবর্তী, শামীম আখতার বাবু, মনিরুজ্জামান মানিক, শাহানুর আলম, শরাফত হোসেনসহ অন্যান্য সাবেক নেতৃবৃন্দ বক্তব্য রাখেন।
বক্তারা বাংলাদেশ ছাত্রলীগের সাবেক নেতা জাসদের অন্যতম প্রতিষ্ঠাতা তাত্বিক নেতা সদ্য প্রয়াত সিরাজুল আলম খানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে ছাত্রলীগের অতীত ঐতিহ্য ও বিভিন্ন আন্দলোন সংগ্রামে তাদের জীবনের সুখ-দুঃখময় ও জয় পরাজয়ের স্মৃতি তুলে ধরে আবেগ আপ্লুত হয়ে পড়েন। ১৯৭২ থেকে ১৯৯১ সাল পর্যন্ত যে সকল নেতারা জেলা শাখার নেতৃত্ব দিয়েছেন তাদের পুরাতন স্মৃতি রমন্থন করেন। আলোচনা শেষে মধ্যাহ্ন ভোজ ও আড্ডার মধ্যদিয়ে দিবসের কর্মসূচী শেষ করা হয়।

চুয়াডাঙ্গায় কৃষি উদ্যোক্তা

উপজেলা নির্বাহী কর্মকর্তা রোকসানা মিতা, দর্শনা পৌর মেয়র আতিয়ার রহমান হাবু, দামুড়হুদা উপজেলা কৃষি কর্মকর্তা মো. মনিরুজ্জামান, মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি উপ-পরিচালক মুহাম্মদ মিজানুর রহমান ও সহকারী পরিচালক সৈয়দ আশিক ইমতিয়াজ।
অনুষ্ঠানে কৃষিক্ষেত্রে অবদানের জন্য সংস্থার সাথে যুক্ত তিনজন, সাধারণ কৃষকদের মধ্যে তিনজন এবং বিশেষ বিবেচনা চারজনসহ মোট ১০ জনকে পুরষ্কৃত করা হয়। এতে পুরষ্কারপ্রাপ্ত কৃষি উদ্যোক্তারা নিজেদের অনুভূতি প্রকাশ করে বক্তব্য উপস্থাপন করেন।

মাগুরা-ফরিদপুরের সাথে ঝিনাইদহ

ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান মতিয়ার রহমান। জনসভায় সভাপতিত্ব করেন শ্রীপুর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবুল কালাম আজদ এবং সঞ্চালনায় ছিলেন সাধারণ সম্পাদক হুমাউনুর রশীদ মুহিত। এছাড়া জনসভায় মাগুরা, ঝিনাইদহ ও রাজবাড়ীর আওয়ামী লীগ, যুবলীগ, ছাত্রলীগসহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন স্তরের নেতাকর্মী উপস্থিত ছিলেন।
প্রধান অতিথির ভাষণে বাংলাদেশ আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক মাহবুবুল আলম হানিফ বলেছেন,
২০১২ সালে যখন মানবতাবিরোধী বিচার শুরু হয় তখন জামায়াতের সঙ্গে মিলে সরকার পতনের আন্দোলন শুরু করেছিল বিএনপি। তবে তাদের কোনো আন্দোলনই সফল হয়নি। ২০২৯ সালের পর ক্ষমতায় যেতে পারবে কি না তা নিয়ে বিএনপিকে ভাবতে বলেন তিনি।
হানিফ আরো বলেন, ২০১২ সালে যখন যুদ্ধাপরাধীর বিচার শুরু হয় তখন বিএনপি এবং জামায়াত মিলে সরকার পতনের আন্দোলনে শুরু করেছিল। তখন খালেদা জিয়া বলেছিলেন, সরকার পতনের এক দফা আন্দোলন ঘোষিত হল। সাংবাদিকরা জিজ্ঞেস করেছিলেন, কবে থেকে চূড়ান্ত আন্দোলন হবে। জবাবে খালেদা জিয়া বলেছিলেন, ঈদের পরে আন্দোলন চূড়ান্ত হবে। আজ ২০২৩ সাল। বহু ঈদ চলে গেছে। বহু আন্দোলন দেখেছে। কিন্তু শেখ হাসিনার সরকার এখনো আছে।
সভায় বক্তারা বলেন, বাংলাদেশ এখন উন্নয়নের মহাসড়কে। দেশ আজ উন্নয়নের এক ঐতিহাসিক দিকসন্ধিক্ষণে দাঁড়িয়ে। মুক্তিযুদ্ধে বিজয়ী জাতি আমরা। কেউ আমাদের দাবিয়ে রাখতে পারবে না। আমরা বিশ্বসভায় মর্যাদার আসনে অধিষ্ঠিত হবই। জাতির পিতার স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলব, ইনশাআল্লাহ। জনসভায় উপস্থিত ৫ এমপি আরো বলেন, আসুন, দল-মত ও বিভক্তির ঊর্ধে উঠে উন্নয়ন অগ্রযাত্রা অব্যাহত রাখি। দেশকে ক্ষুধা-দারিদ্র্যমুক্ত উন্নত সমৃদ্ধ হিসেবে প্রতিষ্ঠিত করি।
দেশের উন্নয়ন ও অগ্রযাত্রার প্রতিবন্ধক সব অপশক্তির বিরুদ্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করে পাঁচ এমপি আরও বলেন, সবার মিলিত প্রচেষ্টায় দেশ যখন
উন্নয়নের সোপানে এগিয়ে যাচ্ছে, তখন মুক্তিযুদ্ধের পরাজিত শক্তির দোসররা আবারও অস্থিতিশীলতা ও নৈরাজ্য সৃষ্টির চেষ্টা করছে। আমরা শান্তিপ্রিয় জাতি। সন্ত্রাস-সহিংসতায় বাঙালি বিশ্বাসী নয়। বিপথগামীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।
উল্লেখ্য, ঝিনাইদহের শৈলকুপা উপজেলার সাথে মাগুরা ও ফরিদপুর জেলার উন্নত ও নিরাপদ সড়ক যোগাযোগ তৈরি করতে সরকার একটি প্রকল্প হাতে নেন। 'শেখপাড়া (ঝিনাইদহ)-শৈলকুপা-লাঙ্গলবাঁধ (শ্রীপুর)-ওয়াপদামোড় (মাগুরা) জেলা মহাসড়ক প্রশস্তকরণ ও মজবুতিকরণ' শিরোনামে প্রকল্পটি সরকার একনেকে অনুমোদন করে। এ প্রকল্পের ব্যয় ধরা হয় ২৬৭ কোটি ৫৮ লাখ ৯৭ হাজার টাকা। ২০১৯ সালের জুলাই থেকে ২০২১ সালের জুন মেয়াদে প্রকল্পটি সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের উদ্যোগে সড়ক ও জনপথ (সওজ) অধিদফতর প্রকল্প বাস্তবায়ন করছে।
সওজ বলছে, শেখপাড়া-শৈলকুপা-লাঙ্গলবাঁধ সড়কটির দৈর্ঘ্য ২৬ দশমিক ৪৬ কিলোমিটার। এ সড়কটি ঝিনাইদহের শৈলকুপা উপজেলা থেকে লাঙ্গলবাঁধ নামক নদীবন্দরে যুক্ত হয়েছে। শৈলকুপার জনসাধারণ মাগুরা, ফরিদপুর, ঢাকা ও দেশের অন্যান্য অঞ্চলের সাথে এ সড়ক পথে যাতায়াত করে থাকে।অন্যদিকে শ্রীপুর-লাঙ্গলবাঁধ-ওয়াপদামোড় সড়কটির দৈর্ঘ্য ৩৬ দশমিক ৬১ কিলোমিটার। এ সড়কটি শ্রীপুর থেকে লাঙ্গলবাঁধ দিয়ে ঢাকা-ফরিদপুর-মাগুরা-ঝিনাইদহ-যশোর-খুলনা জাতীয় মহাসড়কের সাথে ওয়াপদা মোড় নামক স্থানে যুক্ত হয়েছে। এই প্রকল্পটি মাগুরা-ফরিদপুরের সাথে ঝিনাইদহ শৈলকুপার সড়ক যোগাযোগে নতুন মাইল ফলক। এমপি সাইফুজ্জামান শিখর বলেন, প্রধানমন্ত্রী এটিকে আঞ্চলিক মহাসড়ক হিসেবে উল্লেখ করেছেন।
কুষ্টিয়া, মাগুরা সদর এবং শ্রীপুরের জনগণ বিকল্প পথ হিসেবে এ সড়ক ব্যবহার করে আসছে। সড়ক দুটির উভয় পাশে স্কুল, কলেজ, মাদরাসা, হাসপাতাল, স্বাস্থ্যকেন্দ্র, ব্যবসা প্রতিষ্ঠান, হাট-বাজার, গ্রোথ-সেন্টার ইত্যাদি স্থাপনা রয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হওয়ায় শৈলকুপার সাথে মাগুরা ও ফরিদপুর জেলার উন্নত ও নিরাপদ সড়ক যোগাযোগ স্থাপনসহ এলাকার জনসাধারণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন হবে।

তীব্র তাপদাহের পর মেহেরপুরে

কয়েকদিন থেকে মেহেরপুর জেলাসহ সারাদেশে শুরু হয়েছে ভয়াবহ লোডশেডিং। যার কারণে জনজীবনে নেমে এসেছে বিপর্যয়। এই পরিস্থিতির মধ্যে হটাৎ করে স্ব?স্তির বৃ?ষ্টি?তে জনজীবনে স্বস্তির দেখা দিয়েছে! তবে এই ক্ষণিক স্বস্তির বৃষ্টিতে তাপমাত্রা কিছুটা কমলেও কমেনি ভ্যাপসা গরম। বরং বৃষ্টির পর ভ্যাপসা গরম জনজীবনকে নতুন অস্বস্তিতে ফেলেছে। আশপাশের অঞ্চলে ভারী দীর্ঘস্থায়ী বৃষ্টি হলেও মেহেরপুরে হয়েছে হালকা ক্ষণিক বৃষ্টি হয়েছে। ফলে বৃষ্টি নিয়ে মেহেরপুরের মানুষের অতৃপ্তি রয়েই গেছে। সকলের দাবী আবহাওয়া স্বাভাবিক করতে প্রয়োজন ভারী বৃষ্টি।

শৈলকুপায় ঘরে ঘরে

দিতে হয়। যাতে দু'পাশেই রোদ লেগে শুকিয়ে যায়। এরপর নিজের ইচ্ছেমতো কেটে কেটে সংরক্ষণ করতে হবে।
আমসত্ত্ব খাওয়ার বিষয়ে শৈলকুপা উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. রাশেদ আল মামুন বলেন, আমসত্ত্ব সর্দি কাশি দূর করতে সাহায্য করে। শিশুদের স্মৃতিশক্তি বাড়ায়। গর্ভবতী মায়েদের ক্যালসিয়াম সমস্যা দূর করে। রক্তে কোলেস্টেরলের মাত্রা কমায়। হজমের সমস্যা দূর করে, হজমশক্তি বাড়ায়। এতে থাকা ওমেগা থ্রি ফ্যাটি অ্যাসিড ত্বক সুরক্ষায় সাহায্য করে।
তিনি আরও বলেন, আমসত্ত্বে প্রচুর ভিটামিন এ, ভিটামিন সি ও ভিটামিন ই রয়েছে। কোষ্ঠকাঠিন্য, পাইলস এবং হৃদরোগে আমসত্ত্ব ইতিবাচক ভূমিকা রাখে। আমসত্ত্বে সাইট্রিক অ্যাসিড, টারটারিক অ্যাসিড, ম্যালিক অ্যাসিড রয়েছে, যা শরীরের রোগ প্রতিরোধ ক্ষমতাও বাড়ায়। এতে প্রচুর পরিমাণে ফাইবার, পেকটিন ও ভিটামিন সি থাকে যা কোলেস্টেরল লেভেলের ভারসাম্য রক্ষা করে। ১০০ গ্রাম আমসত্ত্বে প্রায় ১৬ মিলিগ্রাম ভিটামিন সি রয়েছে এবং ১৯৯০ মাইক্রোগ্রাম বিটাক্যারোটিন থাকে।

হরিণাকুন্ডু কাপাসহাটিয়া ইউনিয়ন

আহমেদ প্রজেক্টরের মাধ্যমে প্রকল্পের কার্যক্রম সম্পর্কে অবহিত করেন। কর্মশালাটি পরিচালনা করেন এফও জিহাদুল ইসলাম। কর্মশালার সভাপতি জলবায়ু পরিবর্তন রোধে ভূমিকা রাখার অনুরোধ জানান এবং প্রকল্পের সফলতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে কর্মশালার সমাপ্তি ঘোষণা করেন।

হরিণাকুণ্ডুতে মায়ের দুধের

স্বাস্থ্য কমপ্লেক্স সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী অফিসার সুস্মিতা সাহার সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাতীয় পুষ্টি সেবা, জনস্বাস্থ্য পুষ্টি প্রতিষ্ঠানের সহকারী পরিচালক পার-২ এর ডাঃ রওশন জাহান আলম। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহের সিভিল সার্জন ডাঃ শুভ্রা রানী দেবনাথ, সহকারী সার্জন ডাঃ মোঃ রাব্বিকুল ইসলাম। এছাড়াও উপস্থিত ছিলেন, ডাঃ কামনুন নাহার, ডাঃ তাহমিদা তাসনিম স্মৃতি, ডাঃ আশরাফ আলী।
০২

পোড়াহাটি ইউনিয়নের শিক্ষা

উক্ত অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পোড়াহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ শহিদুল ইসলাম হিরন। অনুষ্ঠানটি পরিচালনা করে পোড়াহাটি ইউনিয়ন পরিষদের সচিব মোঃ সোহাগ আলী। এ সময় আরও উপস্থিত ছিলেন ইউপি সদস্যসহ গন্যমান্য ব্যক্তি বর্গ। ২০২২-২৩ অর্থবছরের ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল হতে প্রাপ্ত অর্থ দ্বারা বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ৩০ জোড়া বেঞ্চ ও ৩টি কমিউনিটি ক্লিনিকে ২টি পানির পাম্প, ৩টি গুলকোমিটার, ৩টি নেবুলাইজার মেশিন, ৩টি বেবি ওয়েট মেশিন, ৩টি ওয়েট এন্ড হাইট মেশিন বিতরণ করা হয়।

গাংনীতে ফেন্সিডিলসহ আটক

আটকদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

শিশু রাইনার আগামী কি হবে

আছেন এলাকার লোকজন ও আত্মীয় স্বজন। সবার চোখে মুখে বিষাদের ছায়া। শুধু পরিবার নয়, প্রতিবেশি এমনকি তার সহপাঠিরাও শোকে মুহ্যমান। তারা সব সময় দেলোয়ারের পরিবারকে সান্তনা দিচ্ছেন ও যে ঠিকাদারী প্রতিষ্ঠানের কারণে এ মর্মান্তিক মৃত্যু তার বিচার দাবী করেন তারা। সেই সাথে দেলোয়ারের স্ত্রী অথবা পরিবারের লোকজনকে একটা চাকরীর ব্যবস্থা করার জন্য সংশ্লিষ্ট সেনা কর্তৃপক্ষের কাছে আবেদন জানান। ল্যান্স কর্পোরাল দেলোয়ার হোসেনে মা ইসমতারা খাতুন জানান, মারা যাবার দুদিন আগে পরিবার পরিজনের কথা ছাড়াও কোরবানী দেয়ার ব্যাপারে কথা হয়। সব সময় আমাদের খবর নিতো দেলোয়ার। সেই সাথে নাতি রাইয়ানকে দেখে রাখার কথা বলতো। এখন আর কেউ খবর নেবে না জানতেও চাইবেনা আমরা কেমন আছি। এমনি বিলাপ করে কাঁদছিলেন তিনি। স্ত্রী রজনী খাতুন বার বার মুর্ছা যাচ্ছিলেন। সন্তানকে কোলে নিয়ে বারবার স্বামির ছবি দেখছিলেন আর তার স্মৃতি চারণ করছেন। স্বামীর মৃত্যুর বিষয়টি কিছুতেই মেনে নিতে পারছেন না তিনি। কি করবে কোথায় দাঁড়াবে তার সন্তানকে নিয়ে ? এমন প্রশ্ন যেন তাকে বারবার বিদ্ধ করছিল। রজনী আরো জানান, সব সময় তাকে পড়ালেখার প্রতি জোর দিতো দেলোয়ার। ভাল রেজাল্ট করার জন্য উৎসাহ দিতো কিন্তু ভাল রেজাল্ট করা হলো অথচ দেলোয়ার শুনে যেতে পারলো না। স্বামীর মৃত্যুর জন্য দায়ী ব্যক্তিদের সর্বোচ্চ শাস্তির দাবী জানান তিনি।
বাবা আতিয়ার রহমান জানান, ছেলে দেলোয়ার ছিলেন একমাত্র আয়ের উৎস্য। কষ্ট করে পড়া লেখা শিখিয়ে দেশ সেবায় অংশ নেয়ার জন্য পাঠানো হয়। তার মৃত্যুতে গোটা পরিবার অসহায় হয়ে পড়েছে। যে ঠিকাদারী প্রতিষ্ঠানের কারণে তার সন্তানকে হারিয়েছেন তার বিচার চান তিনি। সেই সাথে দেলোয়ার হোসেনের স্ত্রীকে একটি চাকরীর ব্যবস্থা করলে তার সন্তানকে বড় করে তুলতে পারবেন বলেও সেনা কর্তৃপক্ষের নিকট আকুল আবেদন জানান তিনি। রাইপুর ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান গোলাম সাকলায়েন ছেপু জানান, দেলোয়ার হোসেন ছিলেন অত্যন্ত সদালাপি। তার মতো কারো যেন অকাল মৃত্যু না ঘটে সে ধরনের ব্যবস্থা নিয়ে ঠিকাদারী প্রতিষ্ঠানের কাজ করার আহবান জানানো পাশাপাশি ভুক্তভোগি পরিবারটির সদস্যদেরকে একটা চাকরীর ব্যবস্থা করার জন্য সেনা প্রধানের দৃষ্টি আকর্ষন করেন এই জনপ্রতিনিধি। প্রসঙ্গতঃ ৩ জুন শনিবার দুপুর ২টার দিকে সিলেট নগর ভবনের পাশে সিটি সুপার মার্কেটে কেনাকাটা করছিলেন দেলোয়ার হোসেন। সে সময় ভবনের ওপর থেকে একটি স্টিলের পাইপ তার মাথায় পড়লে তিনি গুরুতর আহত হন। তাকে দ্রুত সিলেট এমএজি ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। ওই রাতেই সেনাবাহিনীর পক্ষ থেকে কোতোয়ালি থানায় এ মামলা করা হয় বলে জানিয়েছেন মহানগর পুলিশের অতিরিক্ত উপ-কমিশনার (গণমাধ্যম) সুদীপ দাস। অবহেলাজনিত কারণে ল্যান্স করপোরাল মো. দেলোয়ার হোসেন মৃত্যুর অভিযোগে করা এ মামলায় পাঁচজনের নাম উল্লেখ করে অজ্ঞাত পরিচয় আরও দুজনকে আসামি করা হয়েছে। মামলায় যে পাঁচজনের নাম উল্লেখ করা হয়েছে তারা হলেন সিলেট সিটি করপোরেশনের প্রধান প্রকৌশলী নূর আজিজুর রহমান, নির্বাহী প্রকৌশলী আলী আকবর, ঠিকাদারি প্রতিষ্ঠান জামাল অ্যান্ড কোং-এর মালিক মো. জামাল উদ্দিন, তাদের সাইট ইঞ্জিনিয়ার আবদুর রাজ্জাক এবং ক্রেনচালক মো. সাদেক।

মাস্কাট বিমানবন্দরে ফুলে ফুলে

এইচ.এম.মোরশেদ আলম ওমান থেকে বিদায়ী বেলায় ওমান বিমান বন্দরে ফুল দিয়ে শুভেচ্ছা জানান, ওমানের বিশিষ্ট ব্যবসায়ী, সমাজ সেবক, সংগঠক ও মাতৃভূমি মানবিক ফাউন্ডেশন এর কেন্দ্রীয় কমিটির মহাসচিব, কবি সিফাত আলমদার পাশা ও আহ্বায়ক কমিটির যুগ্ম-সচিব ও বাংলাদেশ প্রতিবন্ধী সামাজিক উন্নয়ন সংস্থার চেয়ারম্যান সাংবাদিক ও কলামিস্ট মো. বাবু চৌধুরী। এসময় উপস্থিত ছিলেন মাতৃভূমি মানবিক ফাউন্ডেশন বাংলাদেশ ওমান কেন্দ্রীয় কমিটির সিনিয়র সদস্য আলমগীর আলম প্রমুখ।

কুষ্টিয়ায় আদর্শ জুটি ক্যাটাগরীতে

রতন ও ড. আকলিমা খাতুন ইরা দম্পতিকে সম্মাননা দেওয়া হয়। সম্মাননা অনুষ্ঠানে জেলা পুলিশ সুপার খাইরুল আলম বলেন, দেশ ও সমাজের উন্নয়নে আমাদের সবার সমান ভূমিকা রাখা দরকার। এতে আমরা আমাদের ভিশনে সহজে পৌঁছাতে পারব। জাগ্রত সাহিত্য পরিষদ এমন একটি ব্যতিক্রম আয়োজন করায় তাদের প্রতি বিশেষ ধন্যবাদ জ্ঞাপন করছি। তিনি আরও বলেন, ভালো কাজের জন্য যেমন সম্মাননা দেওয়া হয়। এটি দেখে অন্যরাও ভালো কাজে উৎসাহী হবে। তাই আমাদের ভালো কাজ করতে হবে। জাগ্রত সাহিত্য পরিষদের চেয়ারম্যান জাগ্রত মহানায়ক শিহাব রিফাত আলম ও জেলা কমিটির সভাপতি এসএম জামালের সার্বিক তত্বাবধানে সম্মাননা অনুষ্ঠানে বক্তব্য রাখেন- মিরপুর উপজেলা পরিষদের চেয়ারম্যান কামারুল আরেফীন, বিশিষ্ট নাট্যকার মাসুম রেজা, জেলা আওয়ামী লীগের সহ সভাপতি ডা: এএফএম আমিনুল হক রতন, লেখক ও গবেষক ড. আমানুর আমান, ইবির আইন বিভাগের প্রফেসর ড. জহুরুল ইসলাম ও পুলিশ সুপার পত্নী দিলরুবা আলম, জাগ্রত সাহিত্য পরিষদ কেন্দ্রীয় কমিটির সভাপতি আশরাফ উদ্দিন চৌধুরী, জাগ্রত সেবা কেন্দ্রীয় কমিটির প্রেসিডেন্ট নাজনীন সুলতানা লুনা প্রমুখ। জাগ্রত সাহিত্য পরিষদ কুষ্টিয়া জেলা কমিটির সভাপতি এসএম জামাল বলেন, 'সংগঠনটির মূল উদ্দেশ্য হলো সাহিত্য ও সংস্কৃতি নিয়ে কাজ করা। পাশাপাশি বিভিন্ন কর্মক্ষেত্রে এগিয়ে যাওয়া ব্যক্তি/সংগঠন সহ জেলার কৃতিমান সফল ব্যক্তিদের সম্মাননা জানানোর মাধ্যমে এ সমাজকে আলোকিত করতে অবদান রাখায় তাদের জাগ্রত করে তোলা। তিনি বলেন,'আজকে আমরা এমন ৬ দম্পতিকে সম্মাননা দিয়েছি যাদের গল্পটা অনেকের জন্যই অনুপ্রেরণাদায়ক। অনুষ্ঠানে রত্নাগর্ভা মা, গুণীজন সম্মাননা ছাড়াও বিভিন্ন ক্ষেত্রে অবদান রাখায় সংগঠন ও ব্যক্তিকে সম্মাননা জানানো হয়।

মাগুরায় ১৯২ জন ছাত্রী পেলো

অতিথির বক্তব্য রাখেন, মাগুরা-১ আসনের সংসদ সদস্য সাইফুজ্জামান শিখর। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন- সদর উপজেলা চেয়ারম্যান বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব আবু নাসির বাবলু, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ তারিফ-উল-হাসান, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক শাখারুল ইসলাম শাকিল, উপজেলা ভাইস চেয়ারম্যান শেখ রেজাউল ইসলাম, সদর উপজেলা আওয়ামীলীগের সভাপতি ও রাঘবদাইড় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আশরাফুল আলম বাবুল ফরিকসহ অন্যারা।
বক্তারা নারীর ক্ষমতায়ন ও নারী শিক্ষা বিস্তারে এ সাইকেল বিশেষ ভূমিকা রাখবে বলে আশা করেন।
এলজিএসপি-৩ এবং উন্নয়ন সহায়তা খাতের আওতায় ১৯২ ছাত্রীর মধ্যে বিনামূল্যে বাইসাইকেলগুলো বিতরণ করা হয়।

সাতক্ষীরায় প্রেমে ছ্যাঁকা খেয়ে

লেনাদেনা। সম্প্রতি ওই মেয়েটির পাশ্ববর্তী গ্রামে বিয়ে হয়ে যায়। এরপর আহাদ আলী মানসিকভাবে ভেঙে পড়ে ক্ষোভে, দুঃখে ও অভিমানে তিনি মাথা ন্যাড়াকরে দুধ দিয়ে গোসল করার সিদ্ধান্ত নেয়। তারই ধারবাহিকতায় পরিবার ও আশপাশের লোকজনেরউপস্থিতিতে নিজ বাড়িতে কাজটি প্রথমে আহাদ আলী ন্যাড়া হয়ে দুধ দিয়ে গোসল সম্পন্ন করেন। বর্তমানে তিনি বাড়িতে অবস্থান করছেন।
এদিকে আহাদ আলীর দুধ দিয়ে গোসল করা দেখতেআশে পাশের এলাকার শত শত শিশু, যুবক, যুবতী, বয়বৃদ্ধরা তার বাড়িতে ভিড় জমান।
কলারোয়া চন্দনপুর ইউপি চেয়ারম্যান ডালিম হোসেনজানান, আহাদ আলীর নামক এই ছেলেটির সহিত এক স্কুলছাত্রীর প্রেমজ সম্পর্ক ছিল। মেয়েটিরবিবাহ হয়ে যাওয়ায় সে এমন কাজটি করেছে।

মাদক মুক্ত খুলনা গড়তে

প্রার্থীর সাথে গণসংযোগ ও মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন শেখ মঞ্জুরুল আলম, মনিরুজ্জামান মনি, পারভীন আক্তার, আজিজুল হক স্বপন, ওয়াহেদুজ্জামান, ইঞ্জিনিয়ার চৌধুরী মিরাজ, তাজুল ইসলাম, ৭নং ক্যাম্প সভাপতি সাকিল খান, ৩নং ক্যাম্প সভাপতি মোঃ আলী, ১নং ক্যাম্প সভাপতি শাহাবুদ্দিন আনসারী, আমিরুল ইসলাম মুন্না, মোঃ হুমায়ুন কবির, সফিউল্লাহ, আসলাম আলী, আঃ জব্বার, বীর মুক্তিযোদ্ধা মোঃ হাফিজুর রহমানসহ এল

টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন শমশের অটিস্টিক ও প্রতিবন্ধী বিদ্যালয়

আবুল হাসান, কোটচাঁদপুর : গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতার সমাধিতে শ্রদ্ধাজ্ঞাপন করেছেন শেখ রাসেল দানবীর তরিকুল শমসের মডেল অটিস্টিক প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষক কর্মকর্তা কর্মচারীবৃন্দ। এসময় উপস্থিত চিলেনপ্রতিষ্ঠাতা প্রধান শিক্ষক মোঃ তরিকুল শমসের শাবু মাষ্টার। প্রতিষ্ঠানের সকলকে নিয়ে জাতির জনকের আত্মার মাগফেরাত কামনা করে দোয়া ও মোনাজাত করা হয়।

তরিকুল ইসলাম শমসের শাবু মাষ্টার বলেন আমি জাতির জনকের প্রতি শ্রদ্ধাজ্ঞাপন করছি। বাংলাদেশের মত একটা দেশ স্বাধীন করে আমাদের স্বাধীন সার্বভৌম রাষ্ট্র হিসেবে উপহার দিয়েছেন। এই অবদান ও অর্জন গোটা বাংলাদেশ তথা বাঙালির। দেশের ভাবমূর্তি উজ্জীবিত হবে গোটা বাংলাদেশ ও বিশ্বের মানুষের কাছে। আমি আমার প্রতিষ্ঠানের সকল শিক্ষক কর্মকর্তা কর্মচারী বৃন্দের প্রতি চিরকৃতজ্ঞ।

আলমডাঙ্গায় আন্তজেলা ডাকাত দলের ৩ সদস্য আটক

আলমডাঙ্গা অফিস : চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানা পুলিশের বিশেষ অভিযান পরিচালিত হয়। এসময় আন্তজেলা ডাকাত দলের ৩ সদস্য আটক করে পুলিশ। শনিবার তাদেরকে আটক করা হয়। আটককৃতরা হলো রনি (২০), সজিব হোসেন ওরফে ফজা (২৩) ও সজিব ওরফে ফজার। তাদের বিরুদ্ধে একাধিক ডাকাতি মামলাসহ মাদক মামলা তথ্য রয়েছে পুলিশের নিকট। ডাকাতির রহস্য উদঘাটন এবং ডাকাতি কাজে ব্যাবহৃত মালামাল ও নগত টাকাসহ আটক করা হয়।

আলমডাঙ্গা থানার ওসি বিপ্লব কুমার নাথ জানান, গত ৮ জুন রাতে আলমডাঙ্গা থানাধীন চুয়াডাঙ্গা টু আলমডাঙ্গা রোডস্থ রোয়াকুলি মাদরাসার সামনে পাকা রাস্তার উপর নদিয়া ডিলাক্স এবং পূর্বাশা পরিবহন ঢাকা হতে আলমডাঙ্গা আসার পথে অজ্ঞাত ৭/৮ জন ব্যাক্তি দেশিও অস্ত্র নিয়ে পাকা রাস্তার উপর গাছ কেটে বেরিগেড দিয়ে পূর্বাশা পরিবহনের একজন যাত্রীর কাছে নগদ ৮ লক্ষ টাকা এবং পূর্বাশা পরিবহন সহ নদিয়া ডিলাক্সের মধ্যে থাকা সকল যাত্রীর নিকট সর্বমোট ৭ লক্ষ টাকা ডাকাতি করে। এর ভিত্তিতে তাদেরকে আটক করা হয়।

গাংনীতে ফেন্সিডিলসহ আটক ১

গাংনী প্রতিনিধি: মেহেরপুরে ১৭ বোতল ফেন্সিডিলসহ বাশারুল ইসলাম ওরফে বাশার বিশ্বাস (২৫) নামের এক মাদক কারবারিকে আটক করেছে র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-১২) গাংনী ক্যাম্প। শুক্রবার সকাল ১০ টার দিকে তাকে আটক করে। আটককৃত বাশারুল ইসলাম ওরফে বাশার বিশ্বাস গাংনী উপজেলার ছাতিয়ান গ্রামের পাইকপাড়ার আনারুল ইসলাম বিশ্বাসের ছেলে। গাংনী র‍্যাব ক্যাম্প কমান্ডার সিনিয়র এএসপি গোলাম ফারুক জানান, বামান্দী পশ্চিমপাড়ায় এলাকায় মাদক নিয়ে অবস্থান করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-১২) গাংনী ক্যাম্পে একটি দল অভিযান চালিয়ে ১৭ বোতল ফেন্সিডিলসহ বাশারুল ইসলাম ওরফে বাশার বিশ্বাস আটক করে। আটককৃত বাশারুল ইসলাম ওরফে বাশার বিশ্বাসকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা পূর্বক, গাংনী হস্তান্তর করা হয়েছে।

র‍্যাবের উপর হামলার মামলায় এজাহারভূক্ত আসামি গ্রেফতার

মেহেরপুর প্রতিনিধি: মেহেরপুরের গাংনীতে র‍্যাবের উপর হামলার ঘটনায় দায়ের করা মামলার এজাহারভূক্ত ৪ নং আসামি মন্টু ওরফে ভূট্টো মন্ডল (৩২) কে গ্রেফতার করেছে র‍্যাব-১২ এর একটি দল। শুক্রবার দিবাগত রাতে চুয়াডাঙ্গার আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর গ্রামের রাকিবুল ইসলাম নামের এক ব্যক্তির বাড়িতে অভিযান চালিয়ে ভূট্টো মন্ডলকে গ্রেফতার করে।

গ্রেফতাকৃত ভূট্টো মন্ডল গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের আমিন মন্ডলের ছেলে। র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-১২) সিপিসি মেহেরপুর ক্যাম্পের কমান্ডার সহকারী পুলিশ সুপার গোলাম ফারুক বলেন, র‍্যাবের উপর হামলা করার পরপরই পলাতক ছিল আসামি ভূট্টো। তার লোকেশন সঠিক করেই আলমডাঙ্গা উপজেলার গোবিন্দপুর গ্রামে অপরাশেন চালানো হয়। গ্রেফতার ভূট্টোকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে। উল্লেখ্য গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামে মাদক ব্যবসায়ীদের হামলায় র‍্যাবের উপপরিদর্শক (এসআই) উত্তম কুমার রায়কে হাসুয়া দিয়ে কুপিয়ে গুরুতর আহত করার ঘটনায় পাঁচ জনকে আসামি করে মামলা গাংনী থানায় মামলা দায়ের করা হয়। ওই দিনই গুলিবিদ্ধ অবস্থায় মাদককারবারী আনোয়ার হোসেন সুইট নামে একজনকে গ্রেফতার করা হয়।

হারিয়েছে

আমি মোঃ সোহরাব হোসেন, পিতা মোঃ বিশারত মন্ডল, সাং- দক্ষিণপাড়া মির্জাপুর, শৈলকুপা, ঝিনাইদহ। আমার বিএসএস এর প্রভেশনাল সার্টিফিকেট হারিয়েছে যাহার রেজিষ্ট্রেশন নং-৭৭৮৫৬৮৬ রোল নং-২৪১২৮৯৯, শিক্ষা বর্ষ ২০০৭/২০০৮, শাখা- বিএসএস, ফলাফল: ২য় বিভাগ, প্রতিষ্ঠানের নাম: মিয়া জিন্না আলম কলেজ, শৈলকুপা, ঝিনাইদহ, শিক্ষা বোর্ড-জাতীয় বিশ্ববিদ্যালয় গাজীপুর ঢাকা। শৈলকুপা থানার জিডি নং-৪৬২, তারিখ: ১০/০৬/২০২৩ ইং,

মোঃ সোহরাব হোসেন

কানাডার স্কুলে 'লিঙ্গ মতাদর্শ' পড়ানোর বিরুদ্ধে বিক্ষোভ

আন্তর্জাতিক ডেস্ক : শিশুদের স্কুলে 'যৌন এবং লিঙ্গ পরিচয়' শিক্ষা অন্তর্ভুক্ত করার বিরুদ্ধে কানাডায় তিনটি স্কুলের বাইরে মুসলিম এবং খ্রিস্টান অভিভাবকরা বিক্ষোভ করেছেন। রাজধানী অটোয়ায় গত শুক্রবার নেপিয়ান হাই স্কুল, নটরডেম হাই স্কুল এবং ব্রডভিউ অ্যাভিনিউ পাবলিক স্কুলের কাছে বিক্ষোভ হয়। বিক্ষোভে অংশ নেওয়া এক মুসলিম মা বলেন, 'আমি চাই না সন্তানরা এ বিষয়ে শিখুক। কারণ তারা শিশু, প্রাপ্তবয়স্ক নয়। তারা (বাচ্চারা) এই জিনিস সম্পর্কে শিখতে স্কুলে যায় না।' আরেক প্রতিবাদকারী বলেন, 'আমাদের সন্তানরা স্কুলে এমন জিনিস শিখছে যা তাদের এই বয়সে শেখার কথা নয়।' শুক্রবারের বিক্ষোভ নেপিয়ান হাই স্কুল, নটরডেম হাই স্কুল এবং ব্রডভিউ অ্যাভিনিউ পাবলিক স্কুলের কাছে হয়েছিল। বিশেষজ্ঞরা বলছেন, যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্যসহ উন্নত অর্থনীতির দেশের শিশুদের প্রায়ই তাদের নিজস্ব 'পরিচয়' বেছে নিতে উৎসাহিত করা হয়; যা কিছু ক্ষেত্রে তাদের মনে বিভ্রান্তি তৈরি করছে। গত শুক্রবারের নতুন শিক্ষা নীতির বিরুদ্ধে প্রতিবাদের আয়োজন করেছিলেন ক্রিস এলস্টন নামে এক মানবাধিকার কর্মী। তিনি বলেন, 'সন্তানদের কী শেখানো হচ্ছে তা বাবা-মায়েদের জানা দরকার।' এদিকে পুলিশ বলছে বিক্ষোভ থেকে তারা পাঁচজনকে গ্রেপ্তার করেছে। তবে তাদের সম্পর্কে বিস্তারিত্ত তথ্য প্রকাশ করেনি বাহিনীটি।

যুক্তরাষ্ট্রেও একই ঘটনা

ক্লাসে যে বইগুলো পড়ানো হচ্ছে সে সম্পর্কে পিতামাতাকে আগে থেকে অবহিত না করায় বিক্ষোভ হয়েছে যুক্তরাষ্ট্রের মেরিল্যান্ডে।

চীন সফরে যাচ্ছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী

আন্তর্জাতিক ডেস্ক : চলতি মাসে চীন সফরে যাচ্ছেন মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন। গত শুক্রবার এ তথ্য নিশ্চিত করেছেন মার্কিন কর্মকর্তারা। অবশ্য গত ফেব্রুয়ারিতেই চীন যাওয়ার কথা ছিল ব্লিঙ্কেনের। কিন্তু সন্দেহজনক নজরদারি বেলুন নিয়ে সৃষ্ট সংকটের কারণে সে সময় সফর বাতিল করা হয়। নাম প্রকাশে অনিচ্ছুক মার্কিন কর্মকর্তারা জানান, আগামী ১৮ জুন ব্লিঙ্কেনের বেইজিং পৌঁছানোর কথা রয়েছে। তার পূর্বসূরি মাইক পম্পেও ২০১৮ সালের অক্টোবরে চীন সফর করেন। এরপর প্রথমবারের মতো শীর্ষ পর্যায়ের কোনো মার্কিন কর্মকর্তা চীনে যাচ্ছেন। এদিকে মার্কিন পররাষ্ট্র দপ্তর আনুষ্ঠানিকভাবে ব্লিঙ্কেনের সফরের কথা ঘোষণা করেনি। তবে বিস্তারিত না জানিয়ে দেশটির জাতীয় নিরাপত্তা পরিষদের মুখপাত্র জন কিরবি সম্প্রতি বলেছেন, যুক্তরাষ্ট্র শিগগিরই সিনিয়র কর্মকর্তাদের সফর সম্পর্কিত ঘোষণা দেবে। মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন ও চীনা প্রেসিডেন্ট শি জিন পিং নভেম্বরে বালিতে যে বৈঠক করেন সেখানে ব্লিঙ্কেনকে বেইজিংয়ে পাঠানোসহ দুই দেশের মধ্যকার তীব্র উত্তেজনা বন্ধের চেষ্টার বিষয়ে উভয়ে সম্মত হয়েছিলেন। উল্লেখ্য, ফেব্রুয়ারিতে যুক্তরাষ্ট্র দাবি করে, তারা আকাশে চীনা নজরদারি বেলনু শনাক্ত এবং পরে এটিকে ভূপাতিত করেছে।

মর্টার শেল বিস্ফোরণে প্রাণ গেল ২০শিশুর

আন্তর্জাতিক ডেস্ক : সোমালিয়ার লোয়ার শাবেলে অঞ্চলে একটি মর্টার শেল বিস্ফোরণে ২০ জনের বেশি নিহত হয়েছে। নিহতের মধ্যে বেশির ভাগই শিশু ও কিশোর। এ ছাড়া ৫০ জনেরও বেশি আহত হয়েছ বলে সংবাদমাধ্যমগুলোর প্রতিবেদনে বলা হয়েছে। গত শুক্রবার এই বিস্ফোরণের ঘটনা ঘটে।নিহতদের বেশির ভাগেরই বয়স ১০ থেকে ১৫ বছরের মধ্যে। অবিস্ফোরিত মর্টার শেলটি শিশু-কিশোরদের খেলার জায়গার কাছেই বিস্ফোরিত হলে এই হতাহতের ঘটনা ঘটে। কোরিওলির ডেপুটি ডিস্ট্রিক্ট কমিশনার আবদি আহমেদ আলী বলেছেন, 'রাজধানী মোগাদিসু থেকে প্রায় ১২০ কিলোমিটার (৭৫ মাইল) দক্ষিণে কোরিওলি শহরের কাছে অবিস্ফোরিত মর্টার শেলটি বিস্ফোরিত হয়। শিশুরা একটি মর্টার শেল নিয়ে খেলছিল...সেখানেই এটি বিস্ফোরিত হয়েছিল। তাদের মধ্যে ২০ জন মারা গেছে এবং অন্যরা আহত হয়েছে।' তিনি বলেন, 'আমরা সরকার ও সাহায্যকারী সংস্থাগুলোকে এলাকা থেকে মাইন ও গোলাগুলো খুঁজে বের করার অনুরোধ করছি।' স্থানীয় বাসিন্দারা বলেছেন, সোমালিয়ার যুদ্ধরত দলগুলো কোনো একসময় মর্টার শেলটি ফেলে রেখে গিয়েছিল। আরেকটি প্রতিবেদনে বলা হয়েছে, শিশুরা একটি ফুটবল মাঠে অবিস্ফোরিত মর্টার শেলটি খুঁজে পেয়েছিল এবং বিস্ফোরিত হওয়ার সময় তারা এটি নিয়ে খেলছিল। সাম্প্রতিক বৃষ্টিপাতের কারণে মাটির নিচে লুকানো বিস্ফোরকগুলো বেরিয়ে এসেছে বলে জানা যায়। সূত্র : আলজাজিরা

ভারতের দিকে এগিয়ে আসছে ঘূর্ণিঝড় 'বিপর্যয়'

আন্তর্জাতিক ডেস্ক : ভয়াবহ গতিতে এগিয়ে আসছে আরব সাগরে সৃষ্ট ঘূর্ণিঝড় বিপর্যয়। এ নিয়ে নিয়মিত আপডেট দিচ্ছে ভারতীয় আবহাওয়া দপ্তর। গতকাল শনিবার ভারতের সরকারি সংস্থাটি জানিয়েছে, আরও শক্তিশালী হবে অতি প্রবল ঘূর্ণিঝড়। বাড়বে ঝোড়ো হাওয়ার বেগ। ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে, ঝড়ের বেগ ঘণ্টায় ১৭০ কিলোমিটার ছুঁয়ে ফেলতে পারে। খবর হিন্দুস্তান টাইমসের সংস্থাটি জানিয়েছে, শেষ ছয় ঘণ্টায় ১১ কিলোমিটার বেগে উত্তরদিকে অগ্রসর হয়েছে অতি প্রবল ঘূর্ণিঝড় বিপর্যয়। গতকাল শনিবার রাত আড়াইটার দিকে সেটি পূর্ব-মধ্য আরব সাগরের উপরে অবস্থান করছে। এটি গোয়া থেকে ৬৯০ কিমি পশ্চিম, মুম্বাই থেকে ৬৪০ কিমি পশ্চিম ও দক্ষিণ-পশ্চিম এবং পোরবন্দরের দক্ষিণ ও দক্ষিণ-পশ্চিমে ৬৪০ কিলোমিটার দূরে। আগাম বার্তায় ভারতীয় আবহাওয়া দপ্তর জানিয়েছে,ঞ আগামী ২৪ ঘণ্টায় অতি প্রবল ঘূর্ণিঝড় আরও শক্তিশালী হবে এবং উত্তর ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে। পরবর্তী তিন দিনে আরও উত্তর ও উত্তর-পশ্চিম দিকে অগ্রসর হবে বিপর্যয়ঞ্ আগাম বার্তায় বলা হয়েছে, গতকাল শনিবার সকাল থেকে পূর্ব-মধ্য আরব সাগর এবং সংলগ্ন পশ্চিম-মধ্য আরব সাগরে ঘণ্টায় ১৩০-১৪০ কিলোমিটার বেগে হাওয়া বইবে। দমকা হাওয়ার বেগ কখনও কখনও ঘণ্টায় ১৫৫ কিলোমিটারে পৌঁছে যেতে পারে। সন্ধ্যায় ঝড়ের দাপট আরও বাড়বে। সেইসময় ঝড়ের বেগ কখনও কখনও ঘণ্টায় ১৬৫ কিলোমিটার ছুঁয়ে ফেলবে। অধিকাংশ সময় ঘণ্টায় ১৪০-১৫০ কিলোমিটার বেগে ঝড় বইবে। উত্তর-পূর্ব আরব সাগরের সংলগ্ন এলাকায় ঘণ্টায় ৭০-৮০ কিলোমিটার বেগে ঝড় চলবে।

পাল্টা আক্রমণে ব্যাপক মার খাচ্ছে ইউক্রেনীয়রা: পুতিন

আন্তর্জাতিক ডেস্ক : রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন দাবি করেছেন, রুশ বাহিনীর বিরুদ্ধে দীর্ঘ প্রত্যাশিত পাল্টা আক্রমণ শুরু করেছে ইউক্রেনীয় সেনারা এবং প্রতিরক্ষা লাইন উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতির সম্মুখীন হচ্ছে। ইউক্রেনের পাল্টা হামলা নিয়ে গত শুক্রবার রাশিয়ার সোচি শহরে প্রথমবার এমন বিরল মন্তব্য করলেন রুশ প্রেসিডেন্ট। ইউরোশিয়ান ইকোনমিক ইউনিয়নের অন্যান্য রাষ্ট্রপ্রধানদের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের মুখোমুখি হন পুতিন। এ প্রসঙ্গে প্রশ্নের উত্তরে তিনি বলেন, 'আমরা স্পষ্টভাবেই বলতে পারছি হামলা শুরু হয়েছে। ইউক্রেনীয় সেনাবাহিনীর সামরিক রসদ ব্যবহার দেখেই তা বোঝা যাচ্ছে।' এ বিষয়ে বিশদ বিবরণ না দিয়ে পুতিন আরও দাবি করেন, 'ইউক্রেনীয় সেনারা যে লক্ষ্যে এই অভিযান শুরু করেছে, তা এখনও অর্জিত হয়নি। তাদের সেনারা বড় ক্ষতির সম্মুখীন হচ্ছে। তীব্র লড়াইয়ে প্রতি ৩ জন ইউক্রেনীয়

সেনার বিপরীতে প্রাণ হারাচ্ছেন একজন রুশ সেনা।' প্রতীক্ষিত পাল্টা আক্রমণ শুরু হয়েছে কিনা, এ বিষয়ে আনুষ্ঠানিক ঘোষণা দেয়নি কিয়েভ। কিন্তু রুশ নিয়ন্ত্রিত কয়েকটি অঞ্চলে হামলার ঘটনা বেড়েছে। গত কয়েকদিনে দক্ষিণ ও পশ্চিমাঞ্চলীয় ফ্রন্ট লাইনে ক্ষয়ক্ষতির মুখে পড়ছে রুশ বাহিনী। কিয়েভে থাকা আল জাজিরার প্রতিবেদক জোনাহ হুল বলেছেন, আপনি দেখেছেন জেলেনস্কি তার যোদ্ধাদের প্রতিনিয়ত প্রশংসা করছেন।

হতাহতের ফলাফল নিয়েও তিনি কথা বলেছেন। কিন্তু পাল্টা আক্রমণ শুরু হয়েছে কিনা, এ নিয়ে মুখ খুলছেন না তিনি। মস্কো দাবি করেছে, ইউক্রেনীয়রা জাপোরিজ্জিয়া অঞ্চলে রাশিয়ার প্রতিরক্ষা লাইন ভেঙে ফেলতে বারবার চেষ্টা করেছে এবং দক্ষিণে সরবরাহ লাইন কাটার চেষ্টা করেছে ইউক্রেনীয়রা। রুশ সেনাবাহিনীর বিরুদ্ধে পাল্টা আক্রমণ শুরু হয়েছে বলে মনে করছে ওয়াশিংটনভিত্তিক থিংক ট্যাংক প্রতিষ্ঠান ইনস্টিটিউট ফর দ্য স্টাডি অব ওয়ার (আইএসডব্লিউ)।

বিনোদন

নতুন প্রেমে মজেছেন শাকিরা

বিনোদন ডেস্ক : গত বছর স্প্যানিশ ফুটবল তারকা জেরার্ড পিকে'র সঙ্গে ১১ বছরের সম্পর্কে ইতি টানেন শাকিরা। এরপর বছর ঘুরতে না ঘুরতেই পপ তারকার জীবনে প্রেমের আগমনের গুঞ্জন ছড়িয়েছে। ভারতীয় গণমাধ্যম আনন্দবাজার অনলাইনের এক প্রতিবেদনে এসব তথ্য উঠে এসেছে। প্রতিবেদনে বলা হয়েছে, অতীত ভুলে ভবিষ্যতের পথে হাঁটাই এখন শাকিরার জীবনের একমাত্র লক্ষ্য। শোনা যাচ্ছে নতুন সম্পর্কে জড়িয়েছেন 'পপ সম্রাজ্ঞী' শাকিরা। সম্প্রতি চর্চিত প্রেমিকের সঙ্গে ক্যামেরাবন্দি হন তিনি। শাকিরার মতো তারকার সঙ্গে সম্পর্কে জড়ানোর অর্থ তিনি আলাদা করে প্রচারের আলোয় চলে আসবেন। কিন্তু মজার বিষয় শাকিরার সঙ্গে যাঁকে দেখা গিয়েছে, তিনিও কিন্তু নেহাত অখ্যাত কোনো ব্যক্তি নন। কে সেই সৌভাগ্যবান পুরুষ? শাকিরার যে ছবি আপাতত নেটদুনিয়ায় ছড়িয়ে পড়েছে সেখানে কলম্বিয়ান পপ তারকার পাশে দেখা গিয়েছে বিশ্বখ্যাত ফর্মুলা ওয়ান ব্যক্তিত্ব লুইস হ্যামিল্টনকে! সম্প্রতি মায়ামিতে ফর্মুলা ওয়ান রেসে অংশ নেন লুইস। রেসের শেষে শাকিরার সঙ্গে ডিনার করতে দেখা যায়, এই ব্রিটিশ ফর্মুলা ওয়ান তারকা ড্রাইভারকে। তবে শুধু একবার নয়, সাম্প্রতিক সময়ে বেশ কয়েক বার লুইসের সঙ্গে শাকিরাকে দেখা গিয়েছে। যেমন স্প্যানিশ গ্র্যান্ড প্রিক্সের দ্বিতীয় স্থানে রেস শেষ করেন লুইস। সেই সাফল্য উদযাপনে বন্ধুদের তরফে বিশেষ পার্টির আয়োজন করা হয়। সেখানেও লুইসের পাশে ছিলেন শাকিরা। গত মাসে মায়ামিতে লুইসের সঙ্গে প্রমোদতরীতে সময় কাটাতেও দেখা গিয়েছে শাকিরাকে।

সুনেরাহর ফেসবুক অ্যাকাউন্টের হদিস নেই

বিনোদন ডেস্ক : কিছুদিন আগে চিত্রনায়ক শরিফুল রাজের ফেসবুক অ্যাকাউন্ট থেকে ফাঁস হওয়া ব্যক্তিগত ছবি ও ভিডিও নিয়ে তুমুল সমালোচনার মুখে পড়েন অভিনেত্রী সুনেরাহ বিনতে কামাল। ভিডিওতে ব্যবহৃত বন্ধুমহলের ভাষা নিয়ে পরবর্তীতে দুঃখ প্রকাশও করেছিলেন সুনেরাহ। আহ্বান জানিয়েছিলেন, ব্যক্তিজীবন নিয়ে আলোচনা-সমালোচনা না করে তার কাজ নিয়ে করতে।

যদিও এতে সমালোচনা থামেনি। আর এর মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে সুনেরাহর অ্যাকাউন্টের হদিস পাওয়া যাচ্ছেনা। অনেকবার খুঁজেও তার অ্যাকাউন্ট না পাওয়ায় অনেকে ধারনা করছেন অ্যাকাউন্ট বন্ধ রেখেছেন কিনা অভিনেত্রী। তবে তার পেজ এখনো অ্যাক্টিভ থাকলেও অ্যাকাউন্ট মুছে দেওয়ার বিষয়ে সুনেরাহর কোনো বক্তব্য পাওয়া যায়নি। উল্লেখ্য, আসন্ন ঈদুল আজহায় মুক্তি পাবে সুনেরাহ অভিনীত সাইবার থ্রিলার সিনেমা 'অন্তর্জাল'।

লস এঞ্জেলেসের 'আনন্দমেলা'য় একঝাঁক তারকা

বিনোদন ডেস্ক : যুক্তরাষ্ট্রের লস অ্যাঞ্জেলেসের বাংলাদেশীদের সবচেয়ে বড় আয়োজন হয় 'আনন্দমেলা'। প্রতি বছর এই আয়োজনের মাধ্যমে কয়েক হাজার বাঙ্গালীদের সমাবেশ ঘটে। প্রতিবারই এতে অংশ নেন বাংলাদেশের একঝাঁক তারকাশিল্পী। প্রবাসী আমেরিকানদের নেচে গেয়ে মাতিয়ে আসেন তারা। এবারও হচ্ছে এই আয়োজন। আগামী ১৭ ও ১৮ জুন দুইদিনব্যাপী অনুষ্ঠিত হবে এবারের 'আনন্দমেলা'। বাংলাদেশ থেকে এতে অংশ নিচ্ছেন মোশাররফ করিম, সাজু খাদেম, জিয়াউল হক পলাশ, কেয়া পায়েল, রোবেনা রেজা জুঁই, ফারিয়া শাহরীন, মন্দিরা, গায়ক প্রতিক হাসান ও স্বপ্নীল সজিবসহ একঝাঁক তারকাশিল্পী। আনন্দমেলা আয়োজন কমিটির পক্ষে মুহাম্মদ আলী এই শিল্পীদের যাওয়ার বিষয়ে নিশ্চিত করেছেন। ইতোমধ্যে অনেকেই যুক্তরাষ্ট্রে পৌছেছেন বলেও জানিছেন তিনি। মুহাম্মদ আলী বলেন, 'মোশাররফ করিম ও সাজু খাদেমকে নিয়ে নতুন করে বলার কিছু নেই। তারা একই সঙ্গে আনন্দমেলায় পারফর্ম করবেন। প্রতি বছর অ্যাঞ্জেলেসের বাঙালীরা এই অনুষ্ঠানটির জন্য অপেক্ষা করে থাকেন। কারণ বিশাল পরিসরে এমন আয়োজন আর হয় না। এটা বাঙালীদের মিলনমেলায় পরিণত হয়। এবার তাদের উপস্থিতি নতুনমাত্র পাবে বলেই আমি মনে করছি।' অনুষ্ঠানটি উপস্থাপনা করবেন নীল হুরে জাহান। অলাভজনক আয়োজন এই 'আনন্দমেলা'। এর চেয়ারম্যান হিসেবে আছেন মোয়াজ্জেম হোসেন চৌধুরী।

নিশোর 'সুড়ঙ্গ'-তে ফারিয়া চমক

বিনোদন ডেস্ক : না। নায়িকা বদল হয়নি! আফরান নিশোর বিপরীতে নায়িকা হিসেবে তমা মির্জাই অটুট আছেন। তবে নতুন করে এতে যুক্ত হয়েছেন দুই বাংলার নাচে-গানে-অভিনয়ে মাতোয়ারা নুসরাত ফারিয়া। শুটিং-সম্পাদনা শেষে চমকিত খবরটিনিশ্চিত করেছেন নাম প্রকাশে অনিচ্ছুক ?'সুড়ঙ্গ' নির্মাতা! তবে অভিনয়ে নয়, ফারিয়াকে দেখা যাবে এই ছবির অন্যতম চমক আইটেম গার্ল হিসেবে। যে গানটির সঙ্গে তিনি মঞ্চ মাতাবেন তার শিরোনাম 'কলিজা আর জান'। রাসেল মাহমুদের কথায় এর সুর-সংগীতায়োজন করেছেন আরাফাত মহসীন নিধি। কণ্ঠ দিয়েছেন দিলশাদ নাহার কণা। নির্মাতা জানান, বিশেষ চমক হিসেবে আইটেম গানটির মাধ্যমে যুক্ত করা হয়েছে নুসরাত ফারিয়াকে। গানে গানে ফারিয়ার সঙ্গে নাচতে দেখা যাবে আফরান নিশোকেও। ১০ জুন আইটেম গানটির টিজার উন্মোচন করার কথা রয়েছে। আর ঈদে মুক্তি পাচ্ছে ছবিটি। যার মাধ্যমে টিভি পর্দার দীর্ঘ ও সফল ক্যারিয়ার পেরিয়ে বড় পর্দায় অভিষিক্ত হতে যাচ্ছে আফরান নিশোর। চলতি বছরের ফেব্রুয়ারিতে 'সুড়ঙ্গ' সিনেমার মহরত হয়। এরপর মার্চ থেকে ঢাকার অদূরে সিলেটের সুনামগঞ্জ, চট্টগ্রাম এবং সর্বশেষ ঢাকায় এর শুটিং হয়। শুটিং-সম্পাদনা শেষে এখন চলছে রঙ বিন্যাসের কাজ। নির্মাতা রায়হান রাফী জানান, ২০ জুনের মধ্যে ছবিটি জমা দেবেন ছাড়পত্রের জন্য। তবে তার আগেই আফরান নিশোর অভিষেক বার্তা জমে উঠেছে টিজার ও ফোরটেস্ট প্রকাশের মাধ্যমে। যেটি দেখে অনুমান করা যায়, নানামাত্রিক চরিত্রে ধরা দেবেন নিশো। যার মধ্যে থাকছে সুড়ঙ্গ খোঁড়ার কাজটিও।

নেহার সংসার জীবনে বিচ্ছেদের সুর

বিনোদন ডেস্ক : বছর তিনেক আগে সংসার জীবন শুরু করেন বলিউড গায়িকা নেহা কাক্কার। গায়ক রোহানপ্রীত সিংয়ের সঙ্গে তার বিয়ে, দাম্পত্যের খবরে ভক্তরাও ছিল উচ্ছ্বসিত। আগের প্রেম-বিচ্ছেদের ধাক্কা সামলে রোহানের সঙ্গে বেশ সুখেই চলছিল নেহার জীবন। কিন্তু হঠাৎ ছন্দপতন! এই তারকা দম্পতির সাম্প্রতিক অবস্থা দেখে নেটিজেনরা বলাবলি করছে, সামথিং ইজ রং! ঘটনা পরিষ্কার করা যাক। গত ৬ জুন ছিল নেহা কাক্কারের ৩৫তম জন্মদিন। রাত ১২টায় প্রথম প্রহরে বাবা-মাকে নিয়ে উদযাপন শুরু করেন গায়িকা। সেই ছবি পোস্ট করে ইনস্টাগ্রামে লিখেছেন, 'এভাবেই আমার জন্মদিন শুরু হলো'। এরপর বার্থডে পার্টির আরও কিছু ছবি অনুসারীদের সঙ্গে ভাগাভাগি করে নেন নেহা।

মন ভাল করতে দুবাই গেলেন সিদ্দিক

বিনোদন ডেস্ক : ঢাকা-১৭ আসনের উপনির্বাচনে ক্ষমতাসীন দল আওয়ামী লীগের প্রার্থী হতে দলীয় মনোনয়ন কিনেছিলেন ছোটপর্দার অভিনেতা সিদ্দিকুর রহমান। কিন্তু তার সে আশায় গুড়ে বালি! আর এ কারণে মন খারাপ অভিনেতা সিদ্দিকের। আর মন ভাল করতে সিদ্দিক ঘুরতে গেলেন দুবাই! বীর মুক্তিযোদ্ধা, চিত্রনায়ক ও ঢাকা-১৭ আসনের সংসদ সদস্য আকবর হোসেন পাঠান ফারুকের মৃত্যুতে শূন্য হয়ে পড়া আসনে আগামী ১৭ জুলাই উপনির্বাচন হচ্ছে। সেই নির্বাচনে নৌকার প্রার্থী হতে সিদ্দিক আওয়ামী লীগের মনোনয়ন ফরম জমা দিয়েছিলেন। তবে শুক্রবার দলটির সংসদীয় মনোনয়ন বোর্ডের সিদ্ধান্ত জানায়, মনোনয়ন দেয়া হয় মোহাম্মদ এ আরাফাতকে। দলের সিদ্ধান্ত পক্ষে না আসায় কিছুটা মন খারাপ সিদ্দিকের। মন ভাল করতে তিনি উড়ে গেলেন দুবাই। সেখানে এই অভিনেতা ঘুরছেন বিভিন্ন শপিংমলে। তিনি মনে করেন, সাময়িক মন খারাপ হলে ঘুরতে যাওয়ার কোনো বিকল্প নেই। এক ভিডিও বার্তায় সিদ্দিক বলেন,"আমাকে মাননীয় প্রধানমন্ত্রী ঢাকা-১৭ আসনের জন্য সিলেকশন করেনি। সেই কারণে একটু মন খারাপ।